

পুতিন শুধু আমাকে ঘোরাচ্ছেন: ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সাথে বৈঠকের পর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইউক্রেন যুদ্ধ বন্ধে ভ্লাদিমির *৮-এর পৃষ্ঠায় দেখুন*

নাইটক্লাবে অভিযান: শতাধিক অবৈধ অভিবাসী গ্রেপ্তার

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের কলোরাডো রাজ্যের স্প্রিংসে একটি স্ট্রিপ মলের আন্ডারগ্রাউন্ড নাইটক্লাবে রাতভর অভিযান চালানোর পর শতাধিক অভিবাসীকে গ্রেফতার করা হয়েছে। যারা অবৈধ অভিবাসী বলে জানানো হয়েছে।

অভিযানের সময় ক্লাবে এক ডজনেরও বেশি সামরিক সদস্যও কর্তব্যরত ছিলেন এবং ফেডারেল কর্মকর্তারা জানিয়েছেন যে কেউ কেউ অবৈধ অভিযানে কাজও করছিলেন বলে সিএনএন এর খবরে *৮-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly **বাংলা পত্রিকা** Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 30 / April 28, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৩০ ॥ সোমবার, বৈশাখ ১৫, ১৪৩২ ॥ শাওয়াল ২৯, ১৪৪৬

অভিবাসী বিতাড়নে তৈরী হচ্ছে মাস্টার ডাটাবেজ!

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে বসবাসরত আনডকুমেন্টেড ও অবৈধ অভিবাসীদের গণ ডিপোর্টেশনের প্রক্রিয়া ত্বরান্বিত করতে এবার নতুন এক পরিকল্পনা নিয়েছে ট্রাম্প প্রশাসন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চলমান গণ ডিপোর্টেশনকে গতি বৃদ্ধিতে যুক্তরাষ্ট্রে অবস্থানরত অবৈধ অভিবাসীদের তথ্য একত্রিত করে একটি মাস্টার ডাটাবেজ তৈরী করা হচ্ছে। ইতিমধ্যে ইলন মাস্কের নেতৃত্বাধীন সরকারী দক্ষতা (ডোজ) বিভাগের কর্মীরা ফেডারেল সরকারের অধীনে ডাটাবেজ তৈরির কার্যক্রম শুরু করেছেন। আর এ ডাটাবেজ অনেকটা আর্টিফিসায়াল এসিসট্যান্সের মতো কাজ করবে অবৈধ অভিবাসীর ঠিকানাসহ যাবতীয় তথ্য বিশ্লেষণ করে শনাক্ত করে ডিপোর্ট প্রক্রিয়ায় নিয়ে আসাতে। সিএনএন তাদের প্রতিবেদনে এ তথ্যটি জানিয়েছে।



ডাটাবেজ তৈরির পরিকল্পনার সাথে সম্পৃক্ত একাধিক সুত্রে বরাত দিয়ে সিএনএন একটি প্রতিবেদনে জানায়, আইআরএস, এসএসএন ও নিবন্ধনহীনদের রেজিস্ট্রেশন প্রক্রিয়াসহ বিভিন্ন সংস্থা থেকে সংগৃহীত তথ্যের মাধ্যমে একটি বিশাল ডাটাবেজ তৈরি করা হচ্ছে। এ জন্য প্রশাসন অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবা, সোশ্যাল এডমিনিস্ট্রেশন এবং স্বাস্থ্য ও মানব পরিষেবা সহ বেশ কয়েকটি সংস্থার কাছ থেকে তথ্য নিয়ে সেসব তথ্য কেন্দ্রীভূত করার চেষ্টা করেছে। মাস্কের সহযোগী দ্বারা প্রতিষ্ঠিত একটি সিলিকন ভ্যালি ডেটা-অ্যানালিটিক্স সংস্থা পালান্টি যেটির মাধ্যমে আগে অভিবাসন কর্মকর্তারা ফৌজদারি তদন্তের জন্য ব্যবহার করেছিলেন ওই প্রতিষ্ঠানটি এ ডাটাবেজ তৈরিতে কাজ করছেঅ জড়িত। সংস্থাটি দীর্ঘদিন ধরে আই.সি.ই এবং ডি.এইচ.এস এর উৎস থেকে তথ্য সংগ্রহ ও প্রক্রিয়াকরণ করে আসছে।

পরিকল্পনা সম্পর্কে অবগত একজন প্রাক্তন আইআরএস কর্মচারী সিএনএন-কে বলেন, "যদি তারা একটি নির্বাসন প্রক্রিয়ার মেশিন ডিজাইন করে, সেটি সেরকমই সক্রিয়ভাবে কার্যক্রম করতে সক্ষম হবে।"

অভিবাসন প্রয়োগের উদ্দেশ্যে অত্যন্ত সুরক্ষিত তথ্যে সুবিন্যস্ত প্রবেশাধিকারের অনুমতি দেওয়া বর্তমানে আইনি চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে। এদিকে ডেমোক্র্যাটিক আইনপ্রণেতারা এই পরিকল্পনার নিন্দা করেছেন; একজন দাবি করেছেন যে ডোজ আমেরিকানদের ব্যক্তিগত তথ্য "এলোমেলোভাবে এবং বেআইনীভাবে" ব্যবহার করছে।

তবে ট্রাম্প প্রশাসন কর্মকর্তারা এই প্রকল্পটিকে গণ ডিপোর্টেশনের প্রক্রিয়ায় বড় বাধা কাটিয়ে ওঠার উপায় হিসেবে দেখছেন। এ পদ্ধতিতে দ্রুত 'টার্গেটিং লিস্ট' তৈরি করবে। এর মাধ্যমে ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট সহ ফেডারেল এজেন্টরা অবৈধ অভিবাসীদের খুঁজে বের করতে, আটক করতে এবং নির্বাসনে করতে পারবে। এটি হোয়াইট হাউসের *৮-এর পৃষ্ঠায় দেখুন*

'একজন ইউএস নাগরিককে নির্বাসিত করা অবৈধ এবং অসাংবিধানিক।' :বিচারক

মায়ের সাথে ইউএস সিটিজেন শিশুদের বহিষ্কার

বাংলা পত্রিকা রিপোর্ট: ইউএস সিটিজেন ৩ শিশুকে তাদের মায়ের সাথে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে একজন ক্যান্সার আক্রান্ত শিশুও ছিলো, যাকে তার চিকিৎসার কোন ওষুধও নেওয়া সুযোগ দেওয়া হয়নি। ২৫ এপ্রিল এসব শিশুকে ফ্লাইটে তাদের মায়ের সাথে হন্ডুরাস ও নির্বাসিত করা হয়। এদিকে ১ বছর বয়সী এক শিশুর মাকে কিউবায় নির্বাসিত করা হয়। এতে ওই শিশু তার মা থেকে আলাদা হয়ে পড়ে।



আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়ন এরকম নির্বাসন 'অবৈধ ও অমানবিক' বলে অভিযোগ করেছে।

এসব নির্বাসন প্রক্রিয়া তীব্র সমালোচনা শুরু হলে পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও গণমাধ্যমে বলেছেন, "২, ৪ এবং ৭ বছর বয়সী তিন শিশু যারা *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

অবৈধ অভিবাসীকে সহায়তা করায় বিচারক গ্রেপ্তার

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের মিলওয়াকি কাউন্টি সার্কিট কোর্টের বিচারক হান্না ডুগানকে গ্রেপ্তার করেছে ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (এফবিআই)। ফেডারেল এজেন্টদের গ্রেপ্তার এড়াতে অবৈধ অভিবাসীকে সহায়তা করায় হান্না ডুগানকে শুক্রবার সকালে আদালত প্রাঙ্গণ থেকে গ্রেপ্তার করা হয়েছে। এদিকে মিলওয়াকি সার্কিট কোর্ট প্রাঙ্গণে বিচারককে গ্রেপ্তারের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ করেন শতাধিক মানুষ।

এফবিআই জানায়, বিচারক ডুগান আদালত প্রাঙ্গণে অভিবাসন কর্তৃপক্ষের নজর এড়িয়ে অভিযুক্ত এদুয়ার্দো ফ্লোরেস-রুইজকে পালাতে সহায়তা করেন।

ডুগান গ্রেপ্তারের বিষয়ে এফবিআই পরিচালক *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

স্টুডেন্ট ভিসা বাতিলের সিদ্ধান্ত থেকে পিছু হটছে ট্রাম্প প্রশাসন



বাংলা পত্রিকা রিপোর্ট: অবশেষে যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের বিদেশি শিক্ষার্থীদের ভিসা বাতিলের সিদ্ধান্ত থেকে পিছু হটল ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। হাজারো শিক্ষার্থীর বৈধ ভিসা বাতিল করে দেশজুড়ে আতঙ্ক ছড়িয়ে দেয়ার পর নানা আলোচনা সমালোচনার পর শিক্ষার্থীদের আকস্মিকভাবে ভিসা বাতিলের সিদ্ধান্ত থেকে সরে আসলো প্রশাসন। এখন থেকে যাচাই বাছাই শেষে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করবে ভিসা স্ট্যাটাস বাতিলে।

সিএনএন ও বিবিসির এক প্রতিবেদনে জানানো হয়, বিচার বিভাগের আইনজীবী এলিজাবেথ কার্লান ফেডারেল আদালতকে জানান ভিসা বাতিলের আগের পর্যালোচনা করা হবে। এজন্য নতুন একটি পদ্ধতি তৈরি করছে ইমিগ্রেশন কর্তৃপক্ষ।

এদিকে সিএনএন প্রতিবেদনে জানায় শুক্রবার পর্যন্ত ৩৫ টি ভার্সিটি ও কলেজের ১৫০ জন স্টুডেন্টের *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

ভূমিধস জয়ী ডোনাল্ড ট্রাম্পের জনসমর্থনে ভাটা!

বাংলা পত্রিকা ডেস্ক: ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট নির্বাচিত হলে মূল্যস্ফীতি কমবে, এতে দেশের অর্থনীতি চাঙ্গা হবে। এমন আশাতেই ভূ মিধস জয় পেয়ে দ্বিতীয়বার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হয়েছিলেন ট্রাম্প। তবে তাঁর জনপ্রিয়তা দিন দিন কমতে শুরু করেছে। ভোটারদের আশা ভঙ্গ হওয়ায় হোয়াইট হাউসের মসনদে বসার প্রথম ১০০ দিন ঘনিয়ে আসতেই ট্রাম্পের সমর্থনে ভাটা পড়েছে। এমনটি দাবি রয়টার্স ও ইপসোসের এক জরিপের।

বুধবার প্রকাশিত রয়টার্স ও ইপসোসের এক জরিপে দেখা গেছে, যুক্তরাষ্ট্রে অর্থনীতি সামলানোর ক্ষেত্রে ট্রাম্পের *৮-এর পৃষ্ঠায় দেখুন*

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

বৈধ পথে বিদেশ গিয়েও অবৈধ হয়ে ফিরেছেন প্রায় ৭ লাখ বাংলাদেশী

শফিকুল ইসলাম: বিগত ১০ বছরে বিভিন্ন দেশ থেকে অবৈধ হয়ে বাংলাদেশে ফেরত এসেছেন প্রায় সাত লাখ অভিবাসী। যদিও তাদের সবাই বিদেশ গিয়েছিলেন বৈধ পথে। বিদেশ যেতে বাংলাদেশী কর্মীদের গড়ে খরচ হয় প্রায় ৫ লাখ টাকা। এ হিসাবে অবৈধ হয়ে ফেরত আসা প্রবাসীদের পরিবারের অন্তত ৩৪ হাজার কোটি টাকা ব্যয় হয়েছে। ভিসা ফি, বিমান ভাড়া বাদ দিয়ে ব্যয় হওয়া অর্থের পুরোটাই রিক্রুটিং এজেন্ট কিংবা দালালদের পকেটে ঢুকেছে। আর ভাগ্য ফেরানোর আশায় বিদেশ যাওয়া শ্রমিকরা ফিরছেন পরিবারের বোঝা হয়ে।



দেশভিত্তিক ফিরে আসা প্রবাসীর সংখ্যা

বিদেশ যেতে বাংলাদেশী কর্মীদের গড়ে খরচ হয় প্রায় ৫ লাখ টাকা। এ হিসাবে অবৈধ হয়ে ফেরত আসা প্রবাসীদের পরিবারের ব্যয় হয়েছে অন্তত ৩৪ হাজার কোটি টাকা। এসব কর্মী ভাগ্য ফেরানোর আশায় বিদেশে গেলেও ফিরছেন পরিবারের বোঝা হয়ে

দেশ	২০২৩	২০২৪
সৌদি আরব	৫৮,৮৯৭	৫০,২৩১
সংযুক্ত আরব আমিরাত	৭,৯২৩	৭,২২৭
মালয়েশিয়া	৩,০০৮	৬,৯৭১
মালদ্বীপ	২৫৩	৬৫৮
কুয়েত	১,৮৬১	৪,৪২৩
ওমান	৬,৩৪৭	৮,০৫১
কাতার	২,০৯৭	৩,১২৭
সিঙ্গাপুর	৩৭	৪১৭
বাহরাইন	৭০৩	৬৪৮
লিবিয়া	১,৩৬৫	২,১৬২
ইরাক	২৫৬	৪৫৭
তুরস্ক	১১৯	১৩১
অন্যান্য দেশ	৩,৭৫৮	৪,৩৬৫

কুমিল্লার লালমাই উপজেলার ভূলইন দক্ষিণ ইউনিয়নের ইকরামুল হক ৫ লাখ টাকা খরচ করে ২০২৩ সালে সৌদি আরব গিয়েছিলেন। নিজের সঞ্চয়, ঋণ ও আত্মীয়দের থেকে ধার করা টাকা তুলে দেন দালালের হাতে। যদিও অবৈধ হয়ে জেল খেটে দুই বছরের মধ্যেই দেশে ফেরত আসতে হয়েছে তাকে।

ইকরামুল হক এ প্রতিবেদককে বলেন, 'ফ্রি ভিসায় সৌদি আরব গিয়েছিলাম। দালালদের কথা ছিল আকামা হবে, ভালো চাকরি পাওয়া যাবে। কিন্তু সবকিছুই ছিল মিথ্যা প্রলোভন। সৌদি যাওয়ার কিছুদিনের মধ্যেই অবৈধ হয়ে যাই। এরপর জেল খেটেছি। শূন্য হাতে দেশে ফিরে আসতে হয়েছে।'

বৈধ পথে বিদেশগামীদের তথ্য বিশ্লেষণ করে বাংলাদেশ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)। সংস্থাটির তথ্য অনুযায়ী, ২০১৫ থেকে ২০২৪ সাল পর্যন্ত এক দশকে ৮০ লাখ ৪৪ হাজার ৬৫০ জন বাংলাদেশী অভিবাসী শ্রমিক হিসেবে বিদেশ গেছেন। সরকারি এ সংস্থার কাছে বিদেশগামীদের সংখ্যা থাকলেও কতজন ফিরে আসছেন, তার কোনো তথ্য নেই। তবে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও বেসরকারি সংস্থা ব্র্যাকের তথ্যমতে, এ ১০ বছরে বিভিন্ন দেশ থেকে অবৈধ হয়ে আউটপাস নিয়ে ৬ লাখ ৭৩ হাজার ৫৭০ বাংলাদেশী দেশে ফিরেছেন। বৈধ পথে বিদেশ গিয়ে অবৈধ হয়ে ফিরে আসাদের এ সংখ্যা প্রতি বছরই বাড়ছে।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, ২০১৫ সালে আউটপাস নিয়ে দেশে ফেরত আসেন ৫৬ হাজার ৬৭৪ বাংলাদেশী। পরের বছর সংখ্যাটি কমে ৪১ হাজার ৬২৬ জনে নেমে আসে। এরপর ২০১৭ সালে ৫০ হাজার ১৬৩, ২০১৮ সালে ৬৮ হাজার ৮১২, ২০১৯ সালে ৬৪ হাজার ৬৩৫ ও ২০২০ সালে ৪৫ হাজার ৯৮৪ জন বাংলাদেশী বিদেশ থেকে শূন্য হাতে ফিরেছিলেন। এ সংখ্যাটি অস্বাভাবিক হারে বেড়ে যায় গত কয়েক বছরে। ২০২১ সালে আউটপাস নিয়ে দেশে ফিরে আসেন ৭২ হাজার ৬০৯ জন কর্মী। ২০২২ সালে এ

দেশে নতুন ভোটার ৬৩ লাখ; বাদ পড়েছে মৃত ২৩ লাখ

বাংলা পত্রিকা ডেস্ক: বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে নতুন করে যুক্ত হয়েছে ৬৩ লাখের বেশি নাগরিকের তথ্য। অন্যদিকে মারা যাওয়ায় তালিকা থেকে বাদ পড়েছেন ২৩ লক্ষাধিক ভোটার।

শনিবার নির্বাচন কমিশনের (ইসি) জাতীয় পরিচয় নিবন্ধন (এনআইডি) অনুবিভাগের পরিচালক আব্দুল মমিন সরকারের সই করা বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, এ পর্যন্ত ৬৩ লাখ ১৭ হাজার ৬০০ জনের তথ্য সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে পুরুষ ২৯ লাখ ৬১ হাজার ৫৭; নারী ৩৩ লাখ ৫৬ হাজার ২৫০। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ২৯৪ জন। তাদের মধ্যে ছবি তুলে ও আঙ্গুলের ছাপ দিয়ে নিবন্ধন সম্পন্ন করেছেন ৬১ লাখ ৭৬ হাজার ৮৩৮ জন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, মারা যাওয়ায় ২৩ লাখ ২৭ হাজার ১১৭ জনের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। তাদের মধ্যে পুরুষ ১৪ লাখ ৪ হাজার ৭২, নারী ৯ লাখ ২২ হাজার ৭৮১ ও তৃতীয় লিঙ্গের রয়েছেন ৩২৬ জন।

জানা যায়, নির্বাচন কমিশন গত ২০ এপ্রিল পর্যন্ত দেশের ৫২২টি থানা/উপজেলার নিবন্ধন কার্যক্রম শেষ করেছে। এ সময়ের মধ্যে যারা বাদ পড়েছেন, তারা অনলাইনে তথ্য পূরণ করে নিবন্ধন কেন্দ্রে গিয়ে ভোটার হয়েছেন।

সর্বশেষ হালনাগাদ অনুযায়ী, বর্তমানে দেশে মোট ভোটার ১২ কোটি ৩৭ লাখ ৩২ হাজার ২৭৪ জন। হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। আগামী জুনে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবে ইসি।



নতুন এক লাখ ১৩ হাজার রোহিঙ্গার অনুপ্রবেশ

নতুনদের ঘর করে দিতে জাতিসংঘের চিঠি

ঢাকা ডেস্ক : মিয়ানমারের রাখাইন রাজ্য থেকে গত শনিবার পর্যন্ত নতুন করে ১ লাখ ১৩ হাজার রোহিঙ্গা বাংলাদেশে ঢুকেছে। ইতোমধ্যে যৌথভাবে তাদের আঙুলের ছাপও নিয়েছে বাংলাদেশ ও জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশন (ইউএনএইচসিআর)। এদের নিয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া মোট রোহিঙ্গার সংখ্যা দাঁড়াল অন্তত ১৩ লাখ ১৩ হাজারে। তবে নতুন আসা রোহিঙ্গাদের আইরিশের মাধ্যমে পরিচয় শনাক্তের অনুমতি এখনও দেয়নি সরকার।

নতুন আসা রোহিঙ্গাদের আবাসস্থলের ব্যবস্থা করতে বাংলাদেশকে চিঠি দিয়েছে ইউএনএইচসিআর। গত সপ্তাহে তারা শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (আরআরআরসি) কার্যালয়কে এ চিঠি দেয়। গতকাল রোববার রাতে সংশ্লিষ্ট একটি দায়িত্বশীল সূত্র সমকালকে এ তথ্য নিশ্চিত করে।

সূত্র জানায়, ২০২৩ সালের নভেম্বর থেকে শনিবার পর্যন্ত দেড় বছরে আসা রোহিঙ্গাদের নতুন হিসাবে শনাক্ত করা হয়েছে। এদের মধ্যে সবচেয়ে বেশি এসেছে গত বছরের মে-জুনের পর। চলতি বছরের প্রায় প্রতিদিন রোহিঙ্গারা বাংলাদেশে ঢুকছে বলে সংশ্লিষ্টরা জানান।

শুধু গত সপ্তাহেই রাখাইন থেকে এসেছে ১ হাজার ৪৪৮টি পরিবার। এ ছাড়া আলাদাভাবে এসেছে আরও ৫ হাজার ৯৩০ জন। নতুনভাবে আসা রোহিঙ্গারা ২৯ হাজার ৬০৭ পরিবারের সদস্য। সীমান্তে বাংলাদেশের সতর্কতার মধ্যেও নতুন আসা ১ লাখ ১৩ হাজার রোহিঙ্গার মধ্যে ৫৩ দশমিক ৭৭ শতাংশ নারী, বাকিরা পুরুষ।

অপর একটি সূত্র বলছে, নতুনভাবে আসা রোহিঙ্গা অধিকাংশ বর্তমানে কক্সবাজারে ২০টি ক্যাম্পে তাদের আত্মীয়ের বাসায় রয়েছে। নতুন আসা রোহিঙ্গাদের মধ্যে ২৭ নম্বর ক্যাম্পে আট হাজার ৩৬৮ জন, ২৬ নম্বরে সাত হাজার ৭৭২ জন, ২৪ নম্বরে ছয় হাজার ৩৯৫ জন, ৯ নম্বর ক্যাম্পে পাঁচ হাজার ৯৫৫ জন, ক্যাম্প ১২-তে পাঁচ হাজার ৯৪০ জন, ক্যাম্প ওয়ান-ই-তে পাঁচ হাজার ৭৮৮ জন, ক্যাম্পে ১৮-তে পাঁচ হাজার ৭৪৬ জন, চার নম্বরে পাঁচ হাজার ১৫জন, ১৩ নম্বরে চার হাজার ৩৩১ জন, সাত নম্বরে চার হাজার ১৬৫ জন, ১৭ নম্বরে চার হাজার ১৩০ জন, ১৫ নম্বরে তিন হাজার ৯৭২ জন, আট-ইতে তিন হাজার ৩৪০ জন, ওয়ান-ডব্লিউতে তিন হাজার ১৯৪ জন, টু-ইতে তিন হাজার ১১০ জন, ক্যাম্প ২৫-এ তিন হাজার ১০৩ জন, ৫ নম্বরে তিন হাজার ৩৮ জন, ১০ নম্বরে তিন হাজার ৫ জন, ১৬ নম্বরে দুই হাজার ৮৯৩ জন, তিন নম্বরে দুই হাজার ৮৯৩ জন, ১১ নম্বরে দুই হাজার ৮৩১ জন, ১৯ নম্বরে দুই হাজার ৮১৫ জন, ২১ নম্বরে দুই হাজার ৭৭১ জন, টু-ডব্লিউতে দুই হাজার ৪৫৭ জন, এইট-ডব্লিউতে দুই হাজার ২৬৯ জন, ক্যাম্প ১৪-তে এক হাজার ৬০৩ জন ও ক্যাম্প ২০ নম্বরে এক হাজার ৫০৪ জন। অনেকে আবার ক্যাম্পে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আশ্রয় নেয়। সব রোহিঙ্গার জন্য আবাসস্থলের ব্যবস্থা করার অনুরোধ জানিয়েছে ইউএনএইচসিআর। সরকার এখনও এর জবাব দেয়নি। তবে মৌখিকভাবে জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থাকে জানানো হয়েছে, চলমান বাস্তবতায় লক্ষাধিক নতুন রোহিঙ্গার জন্য আবাসস্থলের ব্যবস্থা করা কঠিন। ক্যাম্পে বিদ্যালয়সহ ইউএনএইচসিআরের আর কী কী ধরনের অবকাঠামো রয়েছে, তা জানাতে বলা হয়েছে। এর পর ইউএনএইচসিআর বলছে, আলাদা ঘর তৈরি করে দেওয়া সম্ভব না হলে দোতলা ঘর বানানো যায় কিনা, তা ভেবে দেখতে হবে।

কক্সবাজারের টেকনাফ ও উখিয়ার বিভিন্ন ক্যাম্পে থাকা ১২ লাখের বেশি রোহিঙ্গা নিয়ে নানা চ্যালেঞ্জ ও ঝুঁকির মুখে আছে বাংলাদেশ। তাদের নিজ দেশে প্রত্যাবাসন নিয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে দেনদরবার করছে বাংলাদেশ। এখন প্রত্যাবাসনের বদলে আরও নতুন রোহিঙ্গা দেশে ঢোকায় চাপে পড়ছে বাংলাদেশ।

জানতে চাইলে আরআরআরসি কমিশনার মোহাম্মদ মিজানুর রহমান গত রাতে সমকালকে বলেন, 'এক লাখের বেশি নতুন রোহিঙ্গার আবাসস্থলের ব্যবস্থা করতে ইউএনএইচসিআরের একটি চিঠি পেয়েছি আমরা। বিরাট সংখ্যক এই রোহিঙ্গার জন্য নতুনভাবে ঘর তৈরির জায়গা আমাদের নেই।' তিনি বলেন, নতুন আবাসস্থল নির্মাণের এই প্রচেষ্টা রোহিঙ্গা প্রত্যাবাসনকে কঠিন করে তুলবে। কারণ এতে রাখাইনে থাকা অন্য রোহিঙ্গারা বাংলাদেশে আসতে উৎসাহিত হবে।

একাধিক সূত্র জানায়, রাখাইন রাজ্যে জান্তা সরকারের সঙ্গে আরাকান আর্মির সংঘাতের পর থেকে রোহিঙ্গারা নতুনভাবে বাংলাদেশে ঢুকছে। জান্তা সরকার সেখানে পরাস্ত হওয়ার পরও রোহিঙ্গার ঢল থামছে না। এখন প্রায় প্রতিদিন নাফ নদ ছাড়াও পাহাড়ি পথে নানাভাবে রোহিঙ্গারা আসছে।

যুক্তরাষ্ট্রে ট্রাম্প প্রশাসন ক্ষমতা নেওয়ার পর থেকে রোহিঙ্গাদের জন্য বাজেট সংকট দেখা দিচ্ছে। এমন বাস্তবতায় কীভাবে নতুন রোহিঙ্গাদের আবাসস্থলের জন্য অর্থের সংস্থান হবে- জানতে চাইলে সংশ্লিষ্ট এক কর্মকর্তা বলেন, ঘর তৈরির বিষয় সরকারের সবুজ সংকেত পেলে দাতা সংস্থার কাছে অর্থ চাইবে ইউএনএইচসিআর।

দায়িত্বশীল সূত্র বলছে, নতুন আসা রোহিঙ্গাদের মধ্যে ৬০ বছরের বেশি বয়সী নারী ৩ হাজার ৮৯০ জন, পুরুষ ৩ হাজার ৯৩০। ১৮-৫৯ বছর বয়সী নারী ২৭ হাজার ১৭৩ ও পুরুষ ১৯ হাজার ৮২৫। ১২-১৭ বছর বয়সের নারী ৭ হাজার ৩০১ ও পুরুষ ৬ হাজার ৪০৮। ৫-১১ বছরের নারী ১২ হাজার ২০৭ ও পুরুষ ১১ হাজার ৭২৭। ১-৪ বছরের নারী ৯ হাজার ১৫৫ ও পুরুষ ৯ হাজার ২৫৫। এ ছাড়া এক বছরের নিচে নারী এক হাজার ২৯০ ও পুরুষ এক হাজার ৩২০।

পুতুলের বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে গ্রেপ্তারি পরোয়ানা জারির আদেশ

ঢাকা ডেস্ক : প্লট জালিয়াতির অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার মেয়ে সায়মা ওয়াজেদ পুতুলের বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে গ্রেপ্তারি পরোয়ানা জারি করার আদেশ দিয়েছেন আদালত।



বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) আঞ্চলিক পরিচালক সায়মা ওয়াজেদ পুতুল। ফাইল ছবি

আজ রোববার দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকা মহানগরের জ্যেষ্ঠ বিশেষ জজ মো. জাকির হোসেন এই আদেশ দেন। দুদকের ঊর্ধ্বতন একজন কর্মকর্তা আজকের পত্রিকাকে এ তথ্য জানিয়েছেন।

দুদকের একটি সূত্র জানিয়েছে, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ১২ জনের বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে গ্রেপ্তারি পরোয়ানা জারি করতে চায় দুদক। এর জন্য প্রয়োজনীয় প্রস্তুতি সেরেছে সংস্থাটি। এরই ধারাবাহিকতায় পুতুলের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির আবেদন করেছে দুদক।

দুদক সূত্রটি জানায়, শেখ হাসিনা ও তাঁর বোন শেখ রেহানা পরিবারের সদস্যসহ প্রায় ১২ জনের বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে গ্রেপ্তারি পরোয়ানা জারি করতে আদালতের কাছে আবেদন করবেন তদন্ত কর্মকর্তারা।

এর আগে ১০ এপ্রিল প্লট বরাদ্দ দুর্নীতির মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর মেয়ে সায়মা ওয়াজেদ পুতুলের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির আদেশ দেন আদালত।

প্লট বরাদ্দে দুর্নীতির অভিযোগে করা ছয়টি মামলায় শেখ হাসিনা ও তাঁর ছেলে সজীব ওয়াজেদ জয়, মেয়ে সায়মা ওয়াজেদ পুতুল, শেখ হাসিনার বোন রেহানা সিদ্দিক (শেখ রেহানা), তাঁর মেয়ে টিউলিপ সিদ্দিক, ছেলে রাদওয়ান মুজিব সিদ্দিক ববিসহ ২১ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির আদেশ দেন আদালত।

গত বছরের ২৬ ডিসেম্বর শেখ হাসিনা ও তাঁর পরিবারের নামে বরাদ্দ নেওয়া প্লটের বিষয়ে অনুসন্ধান শুরু করে দুদক। পূর্বাচল নতুন শহর প্রকল্পে প্লট বরাদ্দে অনিয়মের অভিযোগে শেখ হাসিনাসহ অন্যদের বিরুদ্ধে ছয়টি মামলা করে দুদক।



'মিট ফাহিম টিম ও বাংলা বর্ষবরণ'

নিউইয়র্কের সুপরিচিত বিশিষ্ট লোন মর্টগেজ ও ব্যাংকার ফাহিম জান এর উদ্যোগে 'মিট ফাহিম টিম ও বাংলা বর্ষবরণ' এর আয়োজন করা হয়। মঙ্গলবার সন্ধ্যায় টাইম টেলিভিশনের স্টুডিওতে 'মিট ফাহিম টিম' এর বিশেষ লাইভ অনুষ্ঠানে নিউইয়র্কে বিশিষ্ট রিয়েলেটর ও সিপিএ অংশ নেন। অনুষ্ঠান শেষে ফাহিম জান ডিনার অয়োজনে সবাই স্বতস্ফুর্ত অংশ নেন।





একসিডেন্ট ও ইনজুরি কেইসেস

অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত

আইনী প্রতিষ্ঠান

LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.





SURDEZ & PEREZ,

We Specialize in Personal Injury and Negligence Cases

Call us:

718-482-7766, 917-562-1368

প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে

পরামর্শের জন্য ফি লাগে না



Free Consultation



কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:

- গাড়ী দুর্ঘটনা
- বাস, ট্রেন অথবা মোটর সাইকেল
- ব্রেইন ইনজুরি
- এলিভেটর একসিডেন্ট
- স্কুল লায়াবিলিটি
- খেলার মাঠে দুর্ঘটনা
- বার্ণ ইনজুরি
- নির্মাণ কাজে দুর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেড পয়জনিং
- কুকুর কামড়ালে
- ডাক্তারের ভুল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:

অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali

718-482-7766

917-562-1368

alimd@surdezlaw.com

alimd1040@yahoo.com

32-72 Steinway Street, Suite# 401

Astoria, NY 11103

www.surdezperezlaw.com

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

সময়োপযোগী পদক্ষেপ

গত বছরই এ দেশের সর্বস্তরের মানুষ বৈষম্যের বিরুদ্ধে দাঁড়িয়ে একটা রেজিমের পতন ঘটিয়েছিল। এ জন্য অসংখ্য তাজা প্রাণ বলি দিতে হয়েছে। কিন্তু আমলাতন্ত্রে যে কোনো পরিবর্তন হয়নি, সেটা বুঝতে তেমন কোনো সমস্যা হয় না। আমলারা নিজের গামলা ভরার বিষয়টি ভালো বোঝেন। এ নিয়েই ২০ এপ্রিল আজকের পত্রিকায় একটি সংবাদ প্রকাশিত হয়েছে। খবর থেকে জানা যায়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের অফিস সময়ে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণের জন্য সম্মানী গ্রহণ না করার নির্দেশনা দেওয়া হয়েছে। এ নির্দেশনা সময়োপযোগী ও প্রশংসনীয়।

সরকারি কর্মকর্তাদের সভায় অংশগ্রহণের জন্য আলাদা সম্মানী গ্রহণের যে প্রথা প্রচলিত আছে, তা অনেক ক্ষেত্রেই রাষ্ট্রীয় অর্থের অপচয় ঘটায়। বিশেষত, যখন এই সভাগুলো অফিস চলাকালে অনুষ্ঠিত হয়, তখন কর্মকর্তাদের মূল দায়িত্ব পালনের পাশাপাশি অতিরিক্ত সম্মানী নেওয়া একটা অনৈতিক ব্যাপার। যদি কোনো সভা অফিস সময়ের পরে অনুষ্ঠিত হয় এবং যেখানে কর্মকর্তাদের অতিরিক্ত সময় ও শ্রম দিতে হয়, সে ক্ষেত্রে সম্মানী প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। কিন্তু অফিস চলাকালীন স্বাভাবিক দায়িত্ব পালনের অংশ হিসেবে অনুষ্ঠিত সভায় সম্মানী গ্রহণের প্রথা বন্ধ করাটা ন্যায়সংগত, এত দিন যা হয়েছে তা অন্যায়।

করোনা মহামারির সময় 'মিটিং অ্যালাউন্স' পরিহার করার যে মৌখিক নির্দেশনা দেওয়া হয়েছিল, তা সত্ত্বেও কর্মকর্তাদের একটি অংশের মধ্যে অফিস সময়ে সভা করে সম্মানী গ্রহণের প্রবণতা লক্ষ করা গেছে। এই চর্চা কর্মকর্তাদের দায়িত্ব পালনে অবহেলার চিত্রের পাশাপাশি অন্যান্য সেক্টরের সরকারি চাকরিজীবীদের কাছে প্রশ্ন আকারে হাজির হয়। কোনো গণতান্ত্রিক রাষ্ট্রে এ ধরনের বৈষম্যমূলক প্রথা চালু থাকা উচিত নয়। একজন সরকারি কর্মকর্তা যখন তাঁর দাপ্তরিক দায়িত্ব পালনের অংশ হিসেবে কোনো সভায় অংশ নেন, তখন এর জন্য আলাদা সম্মানী দাবি করা কোনোভাবেই যুক্তিসংগত হতে পারে না। কারণ, তাঁরা তো চাকরি করার সুবাদে মাসিক বেতনসহ নানা ধরনের রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পেয়ে থাকেন।

উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খানের এই নির্দেশনা একদিকে যেমন আর্থিক সাশ্রয় করবে, তেমনি অন্যদিকে কর্মকর্তাদের মধ্যে দায়িত্ববোধ এবং কর্তব্যনিষ্ঠা বাড়াতে সহায়ক হবে। আমরা আশা করব, অন্যান্য মন্ত্রণালয় এবং সরকারি দপ্তরেও এই নির্দেশনা কার্যকর করা হোক।

এ ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবদের দায়িত্ব হবে এই নির্দেশনা কঠোরভাবে প্রতিপালন করা এবং কোনো ধরনের ব্যতিক্রম যাতে না ঘটে, তা নিশ্চিত করা। একই সঙ্গে অন্যান্য মন্ত্রণালয়কেও এই বিষয়ে উৎসাহিত করা উচিত, যাতে সরকারি ব্যয়ে একটি ইতিবাচক পরিবর্তন আনা যায়।

উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খানের এই পদক্ষেপ সরকারি কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি প্রতিষ্ঠার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধে সহায়ক হবে। তবে ব্যাপারটি শুধু নির্দেশনা আকারে হলে হবে না। এ নির্দেশনা কার্যকর করার জন্য রাষ্ট্রের সব মন্ত্রণালয়ের জন্য গেজেট আকারে জারি করতে হবে।



সংস্কার কি কোনো নির্দিষ্ট দলের এজেন্ডার বিষয়



কল্লোল মোস্তফা

সংস্কার আর নির্বাচন নিয়ে তর্কবিতর্কে তুমুল একটা সময় পার করছে বাংলাদেশ। গণতান্ত্রিক রূপান্তরের জন্য সময়টা ভীষণ গুরুত্বপূর্ণ। এই সময়ে একটি পদক্ষেপ নেওয়া বা না নেওয়ার ফল বাংলাদেশকে অনেক দিন ধরে ভোগ করতে হতে পারে। এ কারণে রাষ্ট্র সংস্কার প্রশ্নে সব পক্ষেরই ভেবেচিন্তে পদক্ষেপ নেওয়া প্রয়োজন, যেন কোনো ব্যক্তি বা গোষ্ঠীগত স্বার্থ রক্ষা বা অনুরাগবিরাগের বশবর্তী হয়ে ভুল পদক্ষেপ নেওয়া না হয়।

একটা সমস্যা হলো, সংস্কারের এজেন্ডাকে অনেকে অন্তর্বর্তী সরকার বা এনসিপির এজেন্ডার সঙ্গে গুলিয়ে ফেলছেন। এর প্রভাব খোদ সংস্কার প্রক্রিয়ার ওপর গিয়ে পড়ছে। এতে অনেক মৌলিক সংস্কার বিষয়ে রাজনৈতিক ঐকমত্য তৈরি হচ্ছে না, নির্বাচন নিয়ে অনিশ্চয়তার মধ্যে তাদের ওপর জনমতের চাপও তৈরি হচ্ছে না। এ রকম কিছু মৌলিক সংস্কার হলো জাতীয় সাংবিধানিক কাউন্সিল (এনসিসি) গঠন; আনুপাতিক পদ্ধতির উচ্চকক্ষ; সংবিধান সংশোধনের পদ্ধতি; একই ব্যক্তির একাধারে প্রধানমন্ত্রী, দলীয় প্রধান ও সংসদ নেতা না হওয়া; এক ব্যক্তির দুবারের বেশি প্রধানমন্ত্রী না হওয়া ইত্যাদি। প্রধানমন্ত্রীর একচেটিয়া ক্ষমতার রাশ টেনে ধরার জন্য এই সংস্কারগুলো ভীষণ গুরুত্বপূর্ণ।



দুই.

কেউ কেউ মনে করেন, অন্তর্বর্তী সরকারের দুর্বলতার সুযোগে উগ্রবাদী গোষ্ঠী মাথাচাড়া দিয়ে উঠছে। তাই সুষ্ঠু নির্বাচনের জন্য যতটুকু সংস্কার প্রয়োজন, ততটুকু সংস্কার করে দ্রুত নির্বাচন দেওয়াই মঙ্গলজনক। এই যুক্তিধারায় কিছু সমস্যা আছে। প্রথমত, উগ্রবাদী গোষ্ঠী মাথাচাড়া দেওয়ার পরিবেশ দেশে আগেও ছিল, এখনো আছে, নির্বাচনের পরও থাকবে, যদি রাষ্ট্রের কাঙ্ক্ষিত গণতান্ত্রিক রূপান্তর না হয়। কাজেই উগ্রবাদী গোষ্ঠীর মাথাচাড়া দিয়ে ওঠার ভয়ে প্রয়োজনীয় কাঠামোগত সংস্কারগুলো বাদ রেখে নির্বাচন করার ফল হিতে বিপরীতে হতে পারে। যার দৃষ্টান্ত অতীতে আমরা দেখেছি।

দ্বিতীয়ত, শুধু সুষ্ঠু নির্বাচনের জন্য সংস্কার করাই যথেষ্ট নয়। নির্বাচনের পর যে সরকার ক্ষমতায় আসবে, সেই সরকার যেন স্বৈরাচারী হয়ে উঠতে না পারে, তার জন্য বিভিন্ন কাঠামোগত সংস্কার গুরুত্বপূর্ণ। যেমন সংবিধান সংস্কার না করেও আপাতত একটা সুষ্ঠু নির্বাচন করা যাবে। একইভাবে পুলিশ সংস্কার না করে, বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত না করে কিংবা আমলাতন্ত্রের গুরুত্বপূর্ণ সংস্কারগুলো না করেও দেশে কোনোরকমে একটা গ্রহণযোগ্য নির্বাচন করা সম্ভব। অতীতে বিভিন্ন তত্ত্বাবধায়ক সরকারের আমলে এই সংবিধান, পুলিশ, বিচার বিভাগ ও আমলাতন্ত্র বজায় রেখেই গ্রহণযোগ্য নির্বাচন হয়েছে কিন্তু তাতে নির্বাচনের পর ক্ষমতায় আসা সরকারের চরম স্বৈরাচারী হয়ে যাওয়া ঠেকানো যায়নি।

কাজেই উগ্রবাদী শক্তির উত্থানের আশঙ্কায় শুধু কিছু নির্বাচনী সংস্কার করে নির্বাচন আয়োজন করা ঠিক হবে না। তার মানে আবার এই নয় যে কয়েক বছর সময় নিয়ে সব সংস্কার একবার শেষ করে নির্বাচন করতে হবে। এ বছরের ডিসেম্বরের মধ্যেই গুরুত্বপূর্ণ কিছু সংস্কার শেষ করে নির্বাচন আয়োজন করা সম্ভব। যেভাবে তা হতে পারেঃ

ক. স্বৈরাচারী ক্ষমতাকাঠামোর পরিবর্তনের জন্য প্রয়োজনীয় সংস্কারগুলো ইতিমধ্যেই চিহ্নিত। এই সংস্কারগুলো বাস্তবায়নের বিষয়ে রাজনৈতিক দলগুলোকে লিখিত অঙ্গীকার করতে হবে।

খ. যেসব সংস্কার সংবিধান সংস্কার ছাড়াই করা যায়, সেগুলো নির্বাচনের আগেই সম্পন্ন করতে হবে। রাজনৈতিক দলগুলোর ঐকমত্যের ভিত্তিতে অধ্যাদেশ জারি করেই তা করা যায়। ক্ষমতায় এসে রাজনৈতিক দলগুলো সেসব অধ্যাদেশ জাতীয় সংসদের মাধ্যমে আইনে পরিণত করার লিখিত অঙ্গীকার করবে।

গ. সংবিধান সংস্কারের জন্য ডিসেম্বরে গণপরিষদ নির্বাচন করা হবে। গণপরিষদ রাজনৈতিক ঐকমত্য অনুসারে পূর্বনির্ধারিত সময়ের মধ্যে সংবিধান সংশোধন করবে এবং পরে নিয়মিত আইনসভা হিসেবে পরবর্তী পাঁচ বছরের জন্য সরকার গঠন করবে।

সংবিধান সংস্কার ছাড়া যেসব সংস্কার করা সম্ভব, সেসব সংস্কার ডিসেম্বরের নির্বাচনের আগেই সম্পন্ন করতে রাজনৈতিক দলগুলোর সম্মতির প্রয়োজন হবে। এ জন্য ডিসেম্বরের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের শর্ত হিসেবে জনগুরুত্বপূর্ণ ও মৌলিক সংস্কারগুলোকে সামনে নিয়ে আসতে হবে। জনগণের জন্য গুরুত্বপূর্ণ সংস্কারগুলো নির্বাচনের আগে ও পরে বাস্তবায়নের লিখিত অঙ্গীকারের বিনিময়ে ডিসেম্বরের মধ্যে নির্বাচনের রোডম্যাপ ঘোষণা দেওয়া যেতে পারে। তাহলে একদিকে জনগুরুত্বপূর্ণ সংস্কারগুলো যেমন বাস্তবায়ন করা যাবে, অন্যদিকে রাজনৈতিক দলগুলোর নির্বাচন নিয়ে অনিশ্চয়তাও কাটবে।

তিন.

অবশ্য এই ধরনের সমঝোতার পরিবেশ তৈরি করার জন্য নির্বাচন নিয়ে বিদ্যমান অনিশ্চয়তা দূর করতে হবে। এ জন্য অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারকে পাঁচ বছর ক্ষমতায় রাখার পক্ষে যে সংঘবদ্ধ প্রচারণা চালানো হচ্ছে, তা বন্ধ করতে হবে। যারা এই সংঘবদ্ধ প্রচারণা চালাচ্ছে, তারা আসলে সংস্কার কতটুকু চায় আর সংস্কারের নামে নিজেদের ক্ষমতা সংহত করতে চায়, সেটা নিয়ে প্রশ্ন আছে। শোনা যায়, পাঁচ বছরের প্রচারণা জোরদার করার জন্য নাকি জন-সম্পর্ক (পিআর) এজেন্সি ভাড়া করা হয়েছে।

এ ধরনের প্রচারণার ফলে সমস্যা আরও বাড়ছে। যারা সত্যিকার অর্থে বিদ্যমান স্বৈরাচারী ক্ষমতাকাঠামোর সংস্কার চায়, তাদের উচিত ডিসেম্বরের মধ্যে জনগুরুত্বপূর্ণ কতগুলো সংস্কার ও নির্বাচন সম্পন্ন করার ব্যাপারে সরকারের ওপর চাপ তৈরি করা। তা না করে অন্তর্বর্তী সরকারকে পাঁচ বছর ক্ষমতায় রাখার আলাপ তোলা হলে সরকার ও এনসিপির উদ্দেশ্য নিয়ে সন্দিহান সব রাজনৈতিক পক্ষগুলো আরও উদ্বিগ্ন হয়ে জোট বেঁধে সরকার ও সংস্কারউভয়েরই তীব্র বিরোধিতা শুরু করবে। এ রকম হলে সরকারের পক্ষে অর্থপূর্ণ সংস্কার করা অত্যন্ত কঠিন হবে।

চার.

কাজেই যারা সত্যিকার অর্থেই স্বৈরতান্ত্রিক ক্ষমতাকাঠামোর সংস্কার চায়, তাদের দায়িত্ব হলো ডিসেম্বরের মধ্যে সুনির্দিষ্ট টাইমলাইনসহ সুনির্দিষ্ট সংস্কারের দাবি তোলা। প্রশ্ন আসতে পারে সরকার ডিসেম্বরের মধ্যে নির্বাচনের রোডম্যাপ দিলেই যে বিএনপিসহ রাজনৈতিক দলগুলো সংস্কারের ৫-এর পৃষ্ঠায় দেখুন

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন:
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

বৈধ পথে বিদেশ গিয়েও অবৈধ হয়ে ফিরেছেন প্রায় ৭ লাখ বাংলাদেশী

সংখ্যা বেড়ে হয় ৯৭ হাজার ৯১৩। সর্বশেষ ২০২৩ সালে ৮৬ হাজার ৬২১ ও ২০২৪ সালে ৮৮ হাজার ৮৬৮ জন বৈধ অভিবাসী শ্রমিক অবৈধ হয়ে দেশে ফিরে এসেছেন।

বাংলাদেশের তুলনায় প্রতিবেশী দেশ ভারত, পাকিস্তানসহ এ অঞ্চলের বিভিন্ন দেশ থেকে মধ্যপ্রাচ্য কিংবা প্রধান শ্রমবাজারগুলোতে অভিবাসন ব্যয় খুবই কম। দেশের ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্টদের সংগঠন বায়রার তথ্য অনুযায়ী, বাংলাদেশ থেকে মধ্যপ্রাচ্যসহ প্রধান শ্রমবাজারগুলোতে একজন কর্মী যেতে গড়ে ৫ লাখ টাকা ব্যয় হয়। সে হিসাবে আউটপাস নিয়ে ফিরে আসা অভিবাসী শ্রমিকদের ব্যয়ের পরিমাণ দাঁড়ায় অন্তত ৩৪ হাজার কোটি টাকা। দেশে সরকার অনুমোদিত রিক্রুটিং এজেন্সির সংখ্যা ২ হাজার ৭৯৭। এর বাইরে দালালদের হাত ধরেও অনেকে বিদেশ যাচ্ছেন। ভিসা ফি, বিমান ভাড়া বাদ দিয়ে ব্যয় হওয়া অর্থের পুরোটাই এসব রিক্রুটিং এজেন্ট কিংবা দালালদের পকেটে ঢুকেছে।

সংশ্লিষ্টরা বলছেন, বিদেশ থেকে ফেরত পাঠানো এসব কর্মী সরকারি প্রক্রিয়া সম্পন্ন করেই বৈধ পথে গিয়েছিলেন। কিন্তু যাওয়ার পর তাদের অনেকে বৈধ কর্মসংস্থানের সুযোগ হারান। এরপর তারা প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া বিদেশে অবস্থান অব্যাহত রেখেছিলেন। অনেকে প্রতারণার শিকার হয়েও এমন অবস্থায় পড়েন। আবার বৈধ কাগজপত্র থাকা সত্ত্বেও কাজ না পেয়ে ছয় মাসের মধ্যে দেশে ফেরার ঘটনা রয়েছে।

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের তথ্যমতে, বাংলাদেশীদের ফেরত পাঠানোর তালিকায় শীর্ষে রয়েছে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, মালয়েশিয়া ও ওমান। সৌদি আরব থেকে ২০২৪ সালে আউটপাসে দেশে ফেরত পাঠানো হয় ৫০ হাজার ২৩১ জনকে। ২০২৩ সালে ফেরত আসেন ৫৮ হাজার ৮৯৭ প্রবাসী। সংযুক্ত আরব আমিরাত থেকে ২০২৪ সালে ৭ হাজার ২২৭, ২০২৩ সালে ৭ হাজার ৯২৩ জন ফেরত আসেন। মালয়েশিয়া থেকে ২০২৪ সালে ৬ হাজার ৯৭১, ২০২৩ সালে ৩ হাজার ৮, ওমান থেকে ২০২৪ সালে ফেরত পাঠানো হয় ৮ হাজার ৫১, ২০২৩ সালে ৬ হাজার ৩৪৭, কুয়েত থেকে ২০২৪ সালে ৪ হাজার ৪২৩, ২০২৩ সালে ১ হাজার ৮৬১, কাতার থেকে ২০২৪ সালে ফেরত পাঠানো হয় ৩ হাজার ১২৭ ও ২০২৩ সালে ২ হাজার ৯৭ জনকে।

অভিবাসন বিশেষজ্ঞরা জানান, অবৈধ হয়ে যাওয়া প্রবাসীদের সংশ্লিষ্ট দেশের সরকারই দেশে ফেরার সুযোগ করে দেয়। নিয়োগকারী অথবা কোম্পানি টিকিট কেটে কর্মীদের দেশে পাঠিয়ে দেয় অথবা কর্মী নিজেই টিকিটের খরচ বহন করে। এভাবে দেশে ফেরত আসা কর্মীদের বেশির ভাগেরই দরকারি ডকুমেন্টস নেই। অনেকে কাজ পাননি, কারো ভিসা-পাসপোর্ট কিছুই নেই। আবার অনেকে অপরাধ করায় দেশে ফেরত পাঠিয়ে দেয় কর্তৃপক্ষ। মূলত এভাবেই প্রতি বছর হাজার হাজার প্রবাসীকে বাংলাদেশে ফেরত পাঠানো হয়।

গবেষণা প্রতিষ্ঠান রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্ট রিসার্চ ইউনিটের (রামরু) চেয়ারপারসন ড. তাসনীম সিদ্দিকী বলেন, 'দীর্ঘদিন ধরে এ খাতকে নিয়মের মধ্যে আনা যায়নি। এর অন্যতম কারণ রিক্রুটিং এজেন্সির সদস্যরা অনেকে মন্ত্রী, সংসদ সদস্য, বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ছিলেন। তারা নিজেরাই যেকোনো সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার অংশ ছিলেন। তারা যেভাবে বিদেশে পাঠান সে পাঠানোর প্রক্রিয়ার মধ্যেই গলদ থাকে। গন্তব্য দেশে যে মধ্যস্বত্বভোগী গড়ে উঠেছে তাদের একমাত্র উদ্দেশ্য টাকা আয়, কর্মীদের কাজ দেয়া নয়। যে কারণে কর্মীরা কাজ না পেয়ে ফিরে আসছেন। মূলত এটি একটি শ্রেণীর অর্থ লুটপাটের উপায়। আর এ অর্থ যেহেতু পরবর্তী সময়ে আমলা ও নীতিনির্ধারকদেরও পকেটে যাচ্ছে, এ কারণে অবস্থার পরিবর্তন হচ্ছে না।'

তিনি বলেন, 'আমরা নিজেরাই স্টাডি করে দেখেছি, অনেক অভিবাসী শ্রমিক তিন মাস, ছয় মাস, আট মাসের মাথায় দেশে ফেরত আসছেন। একটি চক্র গড়ে উঠেছে, যারা তিন মাসের জন্য কোনো একটা কাজ দেয়। যখন ধরা পড়ে দেশে ফেরত আসে। তারা আবার নতুন করে তারা কর্মী নেয়।



এটি মানব পাচারের মতোই একটি ব্যবসা। এ চক্রের বিরুদ্ধে কঠোর হতে হবে।'

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সূত্রে জানা যায়, সরকারের নির্ধারিত অভিবাসন খরচ সৌদি আরবে ১ লাখ ৬৫ হাজার টাকা, মালয়েশিয়ায় ৭৮ হাজার ৯৯০, সিঙ্গাপুরে (প্রশিক্ষণসহ) ২ লাখ ৬২ হাজার ২৭০, লিবিয়ায় ১ লাখ ৪৫ হাজার ৭৮০, বাহরাইনে ৯৭ হাজার ৭৮০, সংযুক্ত আরব আমিরাতে ১ লাখ ৭ হাজার ৭৮০, কুয়েতে ১ লাখ ৬ হাজার ৭৮০, ওমানে ১ লাখ ৭৮০, ইরাকে ১ লাখ ২৯ হাজার ৫৪০, কাতারে ১ লাখ ৭৮০, জর্ডানে ১ লাখ ২ হাজার ৭৮০, মিসরে ১ লাখ ২০ হাজার ৭৮০, মালদ্বীপে ১ লাখ ১৫ হাজার ৭৮০ ও লেবাননে ১ লাখ ১৭ হাজার ৭৮০ টাকা।

যদিও দালালের মাধ্যমে বিদেশ যাওয়া কর্মীদের সরকার নির্ধারিত ফির পাঁচ গুণ অর্থ ব্যয় করতে হয়। সম্প্রতি দুর্নীতি দমন কমিশনের (দুদক) এক নথিতেও বিষয়টি উঠে আসে। মালয়েশিয়া যেতে ৬৭ হাজার ৩৮০ জনের কাছ থেকে বাড়তি ১ হাজার ১২৮ কোটি ৬১ লাখ ৫০ হাজার টাকা আত্মসাতের অভিযোগে ১২টি রিক্রুটিং এজেন্সির ৩২ জন মালিক ও কর্মকর্তার বিরুদ্ধে মামলা করে দুদক। তাদের মধ্যে সাবেক মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল, সাবেক সংসদ সদস্য নিজাম হাজারী ও বেনজীর আহমদ রয়েছেন।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) অভিবাসন ব্যয় জরিপেও উঠে এসেছে অতিরিক্ত অর্থ নেয়ার প্রমাণ। জরিপে বলা হয়, একজন অদক্ষ অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় ৪ লাখ ৭৮ হাজার এবং দক্ষ কর্মীর ৪ লাখ ২৭ হাজার টাকা।

আউটপাস নিয়ে মালয়েশিয়া থেকে দেশে আসাদের একজন কুমিল্লার বুড়িচং উপজেলার চান মিয়া। দেশটির একটি কোম্পানির অধীনে ইলেকট্রিশিয়ানের কাজ করতেন তিনি। বৈধ পথে মালয়েশিয়া গেলেও ভিসার মেয়াদসংক্রান্ত জটিলতায় পড়ে অবৈধ হয়ে যেতে হয় তাকে। পরে পুলিশের হাতে ধরা পড়ে জেল খাটেন এক মাস।

বৈধ পথে মালয়েশিয়া গিয়ে অবৈধ হয়ে জরিমানা দিয়ে দেশে ফেরা নরসিংদীর শরীফ হোসেনের গল্পটাও একই সূত্রে গাঁথা। সম্প্রতি দেশে ফিরে আসা এ অভিবাসী শ্রমিক জানান, 'দালালের মাধ্যমে ২০২২ সালের ডিসেম্বরে একটি কোম্পানির ভিসায় মালয়েশিয়ায় যাই। ব্যয় হয় সাড়ে ৪ লাখ টাকা। ইলেকট্রিশিয়ানের কাজ দেয়ার কথা থাকলেও দেয়া হয় কনস্ট্রাকশনের। কিন্তু সেটিও করা গেছে মাত্র তিন মাস। এরপর বেকার হয়ে পড়লে কিছুদিন হোটেলে রাখা হয়। এভাবে বেকার বসিয়ে রাখার প্রতিবাদ করলে তুলে দেয়া হয় পুলিশের হাতে। শেষে ৫ হাজার রিংগিত (১ লাখ ৪০ হাজার টাকা) জরিমানা দিয়ে দেশে ফিরতে হয়েছে। এক্ষেত্রে বিমান ভাড়াও নিজের পকেট থেকে পরিশোধ করতে হয়েছে।'

আউটপাস নিয়ে দেশে ফিরে আসা শ্রমিকদের মধ্যে অপরাধ মনোবৃত্তিও দেখছেন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভূঁইয়া। তিনি বলেন, 'মধ্যপ্রাচ্যের দেশে যেসব কর্মী যান তাদের অনেকে মেয়াদের বাইরে ওই দেশে থেকে যান। পরে অবৈধ হয়ে তাদের দেশে ফিরতে হয়। মালিক বা কোম্পানির কাছে পাসপোর্ট থেকে যায়। অনেকে ভিজিট ভিসায় ইউরোপে গিয়ে থাকার চেষ্টা করেন। যদি না থাকতে পারেন তখন আউটপাস নিয়ে দেশে ফেরত আসেন। তবে আমরা তাদের আইনি সহায়তা দেয়ার চেষ্টা করি। বিদেশে গিয়ে যাতে অবৈধ হয়ে দেশে ফিরতে না হয়, সেজন্য সচেতনতা দরকার। সরকার এ বিষয়ে কাজ করছে।'

দেশের অর্থনীতিতে গত তিন বছর ধরেই ডলার সংকট চলছে। আমদানি দায় মেটানো ও বিদেশী ঋণের সুদ পরিশোধ করতে গিয়ে টান পড়েছে বৈদেশিক মুদ্রা রিজার্ভে। তবে রেমিট্যান্স তথা প্রবাসীদের পাঠানো অর্থে ভর করে রিজার্ভের ক্ষয় বন্ধ হয়েছে। ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের পর থেকে দেশে রেমিট্যান্স প্রবাহে বড় ধরনের প্রবৃদ্ধি ঘটেছে। গত মার্চে দেশের ইতিহাসে সর্বোচ্চ রেমিট্যান্স পাঠিয়েছেন প্রবাসীরা। মাসটিতে দেশে আসে ৩২৯ কোটি বা ৩ দশমিক ২৯ বিলিয়ন ডলার রেমিট্যান্স।

বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, চলতি ২০২৪-২৫ অর্থবছরে প্রথম নয় মাসে (জুলাই-মার্চ) ২১ দশমিক ৭৮ বিলিয়ন ডলারের রেমিট্যান্স এসেছে। বাংলাদেশী মুদ্রায় যার পরিমাণ প্রায় ২ লাখ ৬৫ হাজার কোটি টাকা (প্রতি ডলার ১২২ টাকা হিসাবে)। ২০২৩-২৪ অর্থবছরের একই সময়ে রেমিট্যান্স এসেছিল ১৭ দশমিক শূন্য ৭ বিলিয়ন ডলার। সে হিসাবে চলতি অর্থবছরে প্রবাসীরা ৪ দশমিক ৭১ বিলিয়ন ডলার বেশি পাঠিয়েছেন। এক্ষেত্রে প্রবৃদ্ধি হয়েছে প্রায় ২৭ দশমিক ৬ শতাংশ। চলতি এপ্রিলেও রেমিট্যান্সের বড় প্রবৃদ্ধি অব্যাহত রয়েছে। সংশ্লিষ্টরা বলছেন, গত এক দশকে যে পরিমাণ প্রবাসী বিদেশ গেছেন, তারা যদি সঠিক কর্মসংস্থান পেতেন তাহলে দেশের রেমিট্যান্স প্রবাহ আরো বেশি হতো। সূত্র বণিক বার্তা

জেএমসি'র মেগা প্রকল্পের উদ্বোধন

শেষ পৃষ্ঠায় পর

জন্য নিউইয়র্কের ঐতিহ্যবাহী জামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) ভবন আরো আধুনিকীকরণের লক্ষ্যে একটি মেগা প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের অধীন তিনতলা ভবন চারতলা করা হবে। এতে জেএমসি নতুন আঙ্গিকে ৬,৫০০ স্কয়ার ফিটে উন্নতিকরণের পাশাপাশি হাই স্পিড এলিভেটেড সিঁড়িরও ব্যবস্থা থাকবে। রোববার (২৭ এপ্রিল) জোহরের নামাজের আগে জেএমসি ভবনে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে এই প্রকল্পের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট সিনেটর জন সি ল্যু ও কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোবান রিচার্ড। স্বাগত বক্তব্য রাখেন জেএমসি পরিচালনা কমিটির সভাপতি ডা. মোহাম্মদ এম রহমান তুহিন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জেএমসি'র ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ, ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান ডা. নাজমুল এইচ খান, সাবেক সভাপতি ডা. এম এম বিল্লাহ, রফিককুর রহমান ও হালিম চৌধুরী, ইমাম শামসী আলী প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন জেএমসি'র সেক্রেটারী আফতাব মান্নান। অনুষ্ঠানে সেএমসি'র বর্তমান ও সাবেক নেতৃবৃন্দসহ বিপুল সংখ্যক মুসল্লী উপস্থিত ছিলেন।অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন কাওকাব।

অনুষ্ঠানে বক্তারা বলেন, জেএমসি নিউইয়র্কে মুসলিম কমিউনিটির ঐতিহ্যবাহী ধর্মীয় প্রতিষ্ঠান। এটি ধর্মীয় কর্মকান্ডের পাশাপাশি সামাজিক কর্মকান্ডেও বিশেষ ভূমিকা রেখে সিটি প্রশাননকে সহযোগিতা করছে। বক্তারা বলেন, জেএমসি এখন শুধু একটি প্রতিষ্ঠান নয়, এটি একটি ধর্মীয় এবং সামাজিক কর্মকান্ডের কেন্দ্র বিন্দুতে পরিণত হয়েছে। জেএমসি নতুন প্রজন্মকে ধর্মীয় শিক্ষার পাশাপাশি সত্যিকারের মানুষ হিসেবে গড়তে তুলতেও অবদান রাখছে।

অনুষ্ঠানে জানানো হয়, জেএমসি'র নতুন প্রকল্প গ্রহনের জন্য আপাতত: বেইজমেন্টে মহিলাদের নামাজের জায়গা দুই সপ্তাহের জন্য বন্ধ থাকবে। পরে ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ অতিথিদের নেতৃবৃন্দ সহ নতুন প্রকল্পের কনস্ট্রাকশনের উদ্বোধন করেন।

সংস্কার কি কোনো নির্দিষ্ট দলের এজেন্ডার বিষয়

৪-এর পৃষ্ঠার পর

ব্যাপারে একমত হতে পারবে, তার কী নিশ্চয়তা। এখানেই চলে আসে নাগরিকদের দিক থেকে ব্যক্তিগত ও সংগঠিত তৎপরতার প্রয়োজনীয়তা।

বর্তমানে সংস্কার নিয়ে জাতীয় ঐকমত্য কমিশন ও রাজনৈতিক দলগুলোর মধ্যে যে পদ্ধতিতে আলাপআলোচনা চলছে, তাতে রাজনৈতিক দলের বাইরে নাগরিকদের অংশগ্রহণের তেমন কোনো সুযোগ দেখা যাচ্ছে না।

এ ক্ষেত্রে অন্তর্বর্তী সরকারকে যেমন সুযোগ তৈরি করে দিতে হবে, নাগরিকদের দিক থেকেও উদ্যোগ নিতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটসহ সংশ্লিষ্ট সংস্কার কমিশনগুলোর ওয়েবসাইটে সংস্কারের সুপারিশসহ প্রতিবেদনগুলো পাওয়া যাচ্ছে। নাগরিকদের এই প্রতিবেদনগুলো পড়ে ফেলতে হবে। পুরো প্রতিবেদন পড়তে না পারলেও সারসংক্ষেপটুকু অন্তত পড়তে হবে। তারপর বিভিন্ন সংস্কার প্রস্তাবনার পক্ষেবিপক্ষে নিজেদের মতামত ব্যক্ত করতে হবে।

রাজনৈতিক দল ও নাগরিক সমাজের সংগঠনগুলোরও এ ক্ষেত্রে ভূমিকা রাখা প্রয়োজন, যেন গুরুত্বপূর্ণ সংস্কারগুলো নিয়ে শক্তিশালী জনমত তৈরি হতে পারে। এভাবে এক ব্যক্তির দুবারের বেশি প্রধানমন্ত্রিত্ব না থাকা কিংবা ৭০ অনুচ্ছেদ সংশোধন নিয়ে যে ধরনের জনমত তৈরি হয়েছে, পুলিশ, বিচার বিভাগ, আমলাতন্ত্র, গণমাধ্যম, নারী, শ্রম ইত্যাদি খাতের সংস্কার নিয়েও এ রকম জনমত তৈরি হবে এবং সেসব সংস্কার বাস্তবায়ন করতে রাজনৈতিক দলগুলোর ওপর চাপ তৈরি হবে। ফলে নির্বাচনের আগে সব সংস্কার বাস্তবায়ন করা সম্ভব না হলেও নির্বাচনের পরও সংস্কারগুলো বাস্তবায়নের চাপ বজায় থাকবে।

পাঁচ.

মনে রাখতে হবে, রাষ্ট্র সংস্কার কোনো নির্দিষ্ট দলের এজেন্ডার বিষয় নয়, বাংলাদেশের গণতান্ত্রিক রূপান্তরের জন্যই এসব সংস্কার অত্যাবশ্যক। সংস্কার বিতর্কে নাগরিকদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া এই গণতান্ত্রিক রূপান্তর সম্ভব হবে না।

লেখক: বিদ্যুৎ, জ্বালানি, পরিবেশ ও উন্নয়ন অর্থনীতিবিষয়ক লেখক

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্সসহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, E-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001



শান্ত-মুক্তার শুভ বিবাহ সম্পন্ন

বাংলা পত্রিকা রিপোর্ট: কুলাউড়ার ভাটেরা ইউনিয়নের কৃষ্ণপুরের বাসিন্দা টুকন রাম বিশ্বাস ও প্রতিমা রানী বিশ্বাস দম্পতির পুত্র সনজয় বিশ্বাস শান্ত এবং বালাগঞ্জের বাসিন্দা নীলমনি বিশ্বাস ও রেখা বিশ্বাস দম্পতির কন্যা নীলিমা বিশ্বাস মুক্তার বিবাহ সম্পন্ন হয়েছে। গত ১৮ এপ্রিল শান্ত-মুক্তার বিবাহ সম্পন্নহয়। এতে দুই পরিবারের আত্মীয় স্বজন ও বিশিষ্ট ব্যক্তিবর্গরা উপস্থিত ছিলেন।



NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine

সীমিত সময়ের জন্য 15% Off

Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

জুলাই-আগস্ট হত্যাকাণ্ড





তদন্তে ধীরগতিতে বাড়ছে ক্ষোভ

ঢাকা ডেস্ক: কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে চলা নৃশংসতায় গত ৪ঠা আগস্ট রাজধানীর মিরপুর ১০-এ গুলিবিদ্ধ হয়ে মারা যান বিএএফ শাহীন কলেজের ব্যবসায় শিক্ষা বিভাগের একাদশ শ্রেণির শিক্ষার্থী শহীদ আহনাফ। আন্দোলনে যেতে বাবা-মা নিষেধ করলেও তা শোনেননি আহনাফ। বিকাল সাড়ে ৪টার দিকে ফোনে আহনাফ তার মাকে জানিয়েছিলেন তিনি মিরপুর ১০ নম্বরে আছেন। এটাই ছিল আহনাফের সঙ্গে তার মায়ের শেষ কথা। সেদিন সন্ধ্যায় একটি অচেনা নম্বর থেকে ফোন পেয়েই শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে গিয়ে আহনাফের লাশ খুঁজে পান পরিবারের সদস্যরা। মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে দাদির কবরে পাশে দাফন করা হয় আহনাফকে।

এ ঘটনায় গত ৩ অক্টোবর আহনাফের মা জারতাজ পারভীন সাফাত অজ্ঞাতনামাদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর বরাবর অভিযোগ দায়ের করেন। সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশেই তৎকালীন মন্ত্রিপরিষদের সদস্য, পুলিশ বাহিনী সদস্যদের দ্বারা এ হত্যাকাণ্ড হয়েছে। যা তদন্ত সংস্থা খুঁজে বের করবে। এজন্যই নাম উল্লেখ না করে অজ্ঞাতনামাদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছিলেন তিনি। লক্ষ্য সন্তান হত্যার সুষ্ঠু বিচার। কিন্তু আভিযোগ দায়েরের প্রায় ৭ মাস অতিবাহিত হলেও মামলা হিসেবে অভিযোগটি ট্রাইব্যুনালে না আসা। তদন্তের ধীরগতি। আসামিদের দ্বারা হুমকিসহ নানা অভিযোগ রয়েছে আহনাফের মা-সহ জুলাই আন্দোলনে আহত ও নিহত পরিবারগুলোর মধ্যে।

সংশ্লিষ্টরা বলছে, মামলার তদন্ত রিপোর্ট দাখিলের জন্য একের পর এক তারিখ দিলেও কোনো রিপোর্ট দাখিল না করতে পারা, তদন্ত সংস্থার প্রয়োজনীয় দক্ষতার অভাব, বিপুলসংখ্যক অভিযোগের বিপরীতে ছোট তদন্ত সংস্থাসহ নানা কারণে মামলার তেমন অগ্রগতি হচ্ছে না। এসব কারণে অসন্তোষ ও ক্ষোভ রয়েছে আন্দোলনে নিহত পরিবার ও আহতদের মাঝে। এ ছাড়াও ট্রাইব্যুনালের বিচার কাজকে বাধাগ্রস্ত করতে আওয়ামী লীগ ইতিমধ্যে মোটা অঙ্কের টাকা বিনিয়োগ করেছে বলে নিশ্চিত করেছে চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম। সংশ্লিষ্টরা বলছেন, ফর্মাল চার্জ দাখিলের মাধ্যমে ট্রাইব্যুনালের বিচারে দৃশ্যমান অগ্রগতি না হলে, আস্থা হারাতে পারে সাধারণ মানুষের। মুখ থুবড়ে পড়তে পারে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারব্যবস্থা।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে অংশ নেয়ায় তৎকালীন আইনশৃঙ্খলা বাহিনী ও আওয়ামী লীগের নৃশংসতায় অনেকের প্রাণ চলে গেছে, আবার কেউ হাত হারিয়েছে, কেউ পা, কেউ চোখ হারিয়েছেন। আহতদের অনেকে পঙ্গুত্ব আর অন্ধত্ব নিয়ে দুর্বিষহ জীবন কাটাচ্ছেন। হাজারেরও বেশি নিহত এবং ১০ হাজারের বেশি আহতদের



আত্মত্যাগের কারণে এই গণ-অভ্যুত্থান হয়েছে। ফলে নতুন একটা বাংলাদেশ গড়ার সুযোগ এসেছে। কিন্তু মামলা করার পরে এতদিন অতিবাহিত হলেও আমার মামলার কোনো অগ্রগতি নেই। শহীদ আহনাফের মা মানবজমিনকে বলেন, আন্দোলনে যেসব আওয়ামী লীগের নেতাকর্মী পুলিশের সঙ্গে ছাত্রদের ওপর গুলি চালানো কিংবা হামলা করেছে তাদের অনেকেই এলাকায় ফিরে আসছে। ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর বরাবর অভিযোগ দাখিলের পরে আমার বাসায় আওয়ামী লীগের লোকজন এসে বিভিন্ন হুমকি দিয়ে গেছে। আমি কাদের নামে অভিযোগ দাখিল করেছি তার ব্যাপারে বিস্তারিত জানতে চেয়েছে। পরে আমি যখন বলি এই অভিযোগের ব্যাপারে বিএএফ শাহীন কলেজে প্রশাসন এবং শহীদ আহনাফের বন্ধুরা তদারকি করছে। তখন তারা ফিরে গিয়েছে। এভাবে আর কয় দিন। আমরা দ্রুত ট্রাইব্যুনালের মামলাগুলোর অগ্রগতি দেখতে চাই।

যাত্রাবাড়ীর আলোচিত হত্যাকাণ্ড শহীদ ইমাম হাসান তাইমের ভাই রবিউল আউয়াল বলেন, আমার ভাইকে পুলিশ খুব কাছ থেকে গুলি করে হত্যা করেছে। এ ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যমসহ নিউজ চ্যানেলে ব্যাপক প্রচারও হয়েছে। আমি পুলিশের ৮ জন এবং আওয়ামী লীগের ১০ জনের নাম উল্লেখ করে মামলা করেছি। এই ঘটনা সবার চোখের সামনে ঘটেছে। কিন্তু আমার মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের এখন পর্যন্ত কয়েকটি তারিখ দিলেও এর অগ্রগতি সম্পর্কে আমরা কিছুই জানি না। এ ছাড়াও গত ৯ই এপ্রিল বৈষম্যবিরোধী আন্দোলনের মামলার আসামিদের গ্রেপ্তারে পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাদের অনুমতি নেয়ার জন্য যে প্রজ্ঞাপন দেয়া হয়েছে। সে ব্যাপারেও ক্ষোভ প্রকাশ করেন রবিউল।

সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মামলার সংখ্যা প্রায় ৩৩০টি, কিন্তু এখন পর্যন্ত ৩৯টি অভিযোগ কমপ্লেইন রেজিস্ট্রারভুক্ত হয়েছে। এ ছাড়াও মিসকেস হিসেবে ২২টি মামলার তদন্ত কাজ চলমান রয়েছে। কিন্তু এত বিপুলসংখ্যক অভিযোগের বিপরীতে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল অ্যাক্ট-১৯৭৩ এর সেকশন (৮)১ এর অধীনে মাত্র ২৪ সদস্যর তদন্ত সংস্থা কাজ করছে। এই তদন্ত সংস্থায় অ্যাডিশনাল পুলিশ সুপার ৭ জন, এসিস্ট্যান্ট পুলিশ সুপার ৩ জন এবং ওসি পদমর্যাদার ১১ জন কর্মকর্তা কাজ করছে।

সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, পুলিশের ক্যাডার র‍্যাংকের এসব কর্মকর্তা সাধারণত তদন্ত প্রতিবেদনে স্বাক্ষর করে থাকে। কিন্তু মামলার তদন্ত রিপোর্ট তৈরিতে পুলিশের এসআই কিংবা ওসিদের বাস্তব অভিজ্ঞতা থাকলেও এর উপরের র‍্যাংকের কর্মকর্তাদের তেমন অভিজ্ঞতা থাকে না। সুতরাং মানবতাবিরোধী অপরাধের মতো গুরুতর অপরাধের তদন্ত করতে থানা এবং আদালতে তদন্ত কাজের ১০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এসআই এবং ওসি পদমর্যাদার আরও জনবল নিয়োগ দেয়া উচিত।

এ ছাড়া এত বিপুলসংখ্যক অভিযোগের বিচার শুধুমাত্র একটি ট্রাইব্যুনালের মাধ্যমে করা সময়সাপেক্ষ ব্যাপার। দ্রুত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সংখ্যা বাড়ানো যেতে পারে। ট্রাইব্যুনালের সংখ্যা বাড়ালে গতি ফিরবে বিচারকাজে। এতে সাধারণ মানুষের চাহিদার প্রতিফলন ঘটবে। এদিকে ট্রাইব্যুনালে আরও আইটি এক্সপার্ট নিয়োগ দেয়া যেতে পারে। বিগত সরকারের আমলে প্রায় ২০ জনের মতো জনবল ছিল। মামলার অভিযোগপত্র এবং তদন্ত রিপোর্ট লিপিবদ্ধকরাসহ যাবতীয় কাজের জন্য। কিন্তু বর্তমানে এ সংখ্যা ট্রাইব্যুনাল এবং তদন্ত সংস্থায় মিলিয়ে ৪ জনের মতো। এত অভিযোগ এবং তদন্ত রিপোর্ট তৈরিতে আইটি সেক্টরে আরও দক্ষ জনবল নিয়োগ দিলে গতি ফিরতে পারে ট্রাইব্যুনালের কাজে।

এদিকে জুলাই আন্দোলনকে ঘিরে চলমান সহিংসতায় থানায় করা মামলার আসামিদের সহজে ধরা গেলেও ট্রাইব্যুনালের মিস কেসগুলোর আসামিদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির সঙ্গে সঙ্গেই খবর পেয়ে যাচ্ছে। ফলে আসামিরা পালিয়ে যাচ্ছে। ট্রাইব্যুনালে গ্রেপ্তারি পরোয়ানা জারি হওয়ার পরপরই ফাঁস হয়ে যাচ্ছে এসব তথ্য। যার কারণে প্রায় ২০ জনেরও অধিক পুলিশ কর্মকর্তা গাঢাকা দিয়েছেন। চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম বলেছিলেন, এটা দুর্ভাগ্যজনক যে এখানে কোনো না কোনো জায়গা থেকে ফাঁস হচ্ছে। এটা আমরা খুব উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে সম্ভবত এই ট্রাইব্যুনালের সঙ্গে সম্পৃক্ত কোনো একটা মহল এর সঙ্গে জড়িত বা প্রসিকিউশনের মধ্যে, অফিসেও থাকতে পারে। আমরা বিষয়টাকে গভীরভাবে উদ্বেগের সঙ্গে বিশ্লেষণ করছি এবং তথ্যপ্রমাণ সংগ্রহ করছি। আমরা এটার জন্য দায়ী যাকে পাবো, তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবো।

আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) বিধিমালা-২০১০ অনুযায়ী ট্রাইব্যুনালের মামলায় আসামি ধরতে ট্রাইব্যুনাল থেকে গ্রেপ্তারি পরোয়ানা লাগবে। রুল ৬ এবং রুল ৯ অনুযায়ী পরোয়ানা ছাড়া ধরা যাবে না আসামিদের। ফলে যখন ট্রাইব্যুনাল থেকে কোনো আসামির বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয় তখন ট্রাইব্যুনালের সঙ্গে সংশ্লিষ্ট কেউ এটা ফাঁস করছে। ফলে ব্যর্থ হওয়ার সম্ভাবনা আসামিদের গ্রেপ্তার প্রক্রিয়া। কিন্তু থানার মামলাগুলোর ব্যাপারে এমন বিধি-নিষেধ না থাকার কারণে যখনই আসামিদের অবস্থানের তথ্য পাওয়া যায় তখনই তাদের গ্রেপ্তার করা যাচ্ছে। এজন্য ট্রাইব্যুনালের বিধিমালায় প্রয়োজনীয় সংশোধনের মত বিশ্লেষকদের।

এসব অভিযোগের ব্যাপারে চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম বলেন, আমরা ইতিমধ্যেই লক্ষ্য করছি, জুলাই আন্দোলনে কিছু আহত এবং শহীদ পরিবার ট্রাইব্যুনালের বিচার প্রক্রিয়াকে প্রশ্নবিদ্ধ করার চেষ্টা করছেন। এছাড়াও বিচার কাজের ধীরগতি সহ বিভিন্ন অভিযোগ তাদের। কিন্তু আমরা যখন ট্রাইব্যুনালের মামলার তদন্তে তাদের সাক্ষী হিসেবে ডাকি তখন তারা আসে না। তারা বিভিন্ন মন্ত্রণালয়ে গিয়ে মামলার তদন্ত হচ্ছে না, বিচারের কিছুই হচ্ছে না, কেন আমাদেরকে টাকা দেয়া হচ্ছে না, আমাদেরকে কেন বিভিন্ন জায়গায় নিয়োগ দেয়া হচ্ছে না সহ নানা অভিযোগে বক্তব্য দিচ্ছে। কিন্তু বিচারের কাজে সহায়তার জন্য ডাকলে তারা আসছে না। তারা সাক্ষী দেয়ার জন্য কিংবা তাদের কাছে রক্ষিত গণহত্যার অডিও-ভিডিও চাইলে তারা দেয় না। আমরা প্রায় ১০০০ জনেরও বেশি লোকের সাক্ষী নিয়েছি। আমরা এগুলো পর্যালোচনা করে দেখবো, কার সাক্ষী বেশি গুরুত্বপূর্ণ, তাদের সাক্ষ্য দেয়ার জন্য ট্রাইব্যুনালে ডাকবো।

তাজুল ইসলাম বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মামলা অন্য সব মামলার মতো নয়। এর প্রসেডিং থানায় করা মামলার মতো না। আমরা জুলাই-আগস্টে বিভিন্ন স্পটে যে গণহত্যা হয়েছে, ঐসব স্পটে তখন যারা কমান্ডের দায়িত্ব পালন করেছে। যার নির্দেশ মতো গুলি চালিয়েছে, শেখ হাসিনাসহ সব আসামির বিরুদ্ধে 'সুপিরিয়র কমান্ড রেসপনসিবিলিটির' অভিযোগ আনা হয়েছে। আমরা ঐ দিন কারা স্পটে ছিল তদন্ত করে তাদের নাম বের করার চেষ্টা করছি। এ ছাড়াও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মামলার তদন্তে মামলার গুরুত্ব বিবেচনায় সিনিয়র অফিসার দিয়ে মামলার তদন্ত করা হয়। সুতরাং ট্রাইব্যুনালের মামলায় ইন্সপেক্টর পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে সম্পৃক্ত করার পরিকল্পনা নেই। তবে তদন্ত সংস্থার জনবল বাড়ানোর জন্য আমরা সরকারকে কিছু রিকোয়ারমেন্টের কথা বলেছি, সরকার তা গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে। এ ছাড়াও আগামী কয়েক সপ্তাহের মধ্যেই আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এর ব্যাপারে সিদ্ধান্ত আসছে। দ্রুতই শুরু হবে ট্রাইব্যুনাল-২ এ বিচার কাজ।

এদিকে আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) বিধিমালা-২০১০ এর প্রয়োজনীয় সংশোধনীর প্রক্রিয়া চলছে বলে নিশ্চিত করেছেন চিফ প্রসিকিউটর। আর ট্রাইব্যুনালেন আইটি এক্সপার্ট এর সংকট নেই জানিয়ে তিনি বলেন, অভিযোগগুলো লিপিবদ্ধের জন্য ট্রাইব্যুনালে পর্যাপ্ত জনবল থাকলেও তদন্ত সংস্থায় জনবল সংকট রয়েছে। আমরা এই জনবল বাড়ানোর ব্যাপারেও সরকারকে জানিয়েছি, দ্রুতই তা বাড়ানো হবে।

পুতিন শুধু আমাকে

প্রথম পৃষ্ঠার পর

পুতিনের সম্পর্কে বলেছেন, আমার মনে হচ্ছিলো যে পুতিন আমাকেও ঘোরাচ্ছেন।

চলতি সপ্তাহে কিয়েভে মস্কোর হামলার পরিপ্রেক্ষিতে তিনি এই কথা বলেন।

রোম ছাড়ার পর সামাজিক মাধ্যমে দেওয়া পোস্টে ট্রাম্প বলেন, ইউক্রেনের শহরগুলোতে রাশিয়ার হামলার ঘটনায় তার মনে হয়েছে 'তিনি (পুতিন) হয়তো যুদ্ধ বন্ধ চান না, তিনি শুধু আমাকে ঘোরাতে চান। এটা ভিন্নভাবে মোকাবেলা করতে হবে, ব্যাংকিং বা নিষেধাজ্ঞার সম্প্রসারণ?'

ট্রাম্প আর বলেন, কিয়েভে মস্কোর হামলার পর তার মনে হচ্ছিলো যে পুতিন তাকেও ঘোরাচ্ছেন, না হলে বেসামরিক এলাকায় ক্ষেপণাস্ত্র ছোঁড়ার কোন কারণ ছিলো না।

ট্রাম্প ও জেলেনস্কিকে সেন্ট পিটার্স ব্যাসিলিকায় পোপের শেষকৃত্যানুষ্ঠান শুরুর আগে গভীর আলোচনায় মগ্ন দেখা গেছে। পোপ ফ্রান্সিসের শেষকৃত্যানুষ্ঠানে যোগ দিতে গিয়ে ওই বৈঠকে অংশনেন তারা। হোয়াইট হাউজ এই পনেরো মিনিটের বৈঠককে খুবই ফলপ্রসূ হিসেবে উল্লেখ করেছে। আর ইউক্রেনের প্রেসিডেন্ট বলেছেন, এটি ঐতিহাসিক হবার মতো।

ফেব্রুয়ারিতে ওভাল অফিসে উত্তপ্ত বাক্য বিনিময়ের ঘটনার পর এটাই ট্রাম্প ও জেলেনস্কির মুখোমুখি বৈঠক। এর আগে ট্রাম্পের দূত স্টিভ উইটকফ ও রাশিয়ার প্রেসিডেন্টের মধ্যে বৈঠকের পর ট্রাম্প বলেছিলেন, রাশিয়া ও ইউক্রেন চুক্তির খুবই কাছে পৌঁছেছে।

ক্রেমলিন শনিবার বলেছে, ইউক্রেনের সাথে কোন পূর্বশর্ত ছাড়াই আলোচনায় বসার বিষয়টি উইটকফকে নিশ্চিত করা হয়েছে। এর আগে হোয়াইট হাউজের বৈঠকে ট্রাম্প জেলেনস্কিকে উদ্দেশ্য করে বলেছিলেন 'আপনার হাতে কোন কার্ড নেই' এবং তিনি রাশিয়ার বিরুদ্ধে বিজয়ী হতে পারবেন না।

ভূমিধস জয়ী ডোনাল্ড ট্রাম্পের

প্রথম পৃষ্ঠার পর

কর্মকাণ্ডে সন্তুষ্ট কেবল ৩৭ শতাংশ মানুষ।

অথচ ক্ষমতায় আসার কয়েক ঘণ্টা পর, কেবল আমেরিকার অর্থনীতির সোনালি যুগ ফিরিয়ে আনার অঙ্গীকার করেই ৪২ শতাংশ মানুষের সমর্থন আদায় করেছিলেন ট্রাম্প। অর্থনীতি এবং অভিবাসন নীতিতে ধাক্কা দেওয়ায় ট্রাম্পের সমালোচনা করছেন আমেরিকানরা। জরিপের ফলাফল বলছে, জানুয়ারিতে হোয়াইট হাউসে প্রত্যাবর্তন করেই ট্রাম্প যে নীতি গ্রহণ করেছেন, তা অনেক আমেরিকানের কাছেই তাঁকে অ-জনপ্রিয় করে তুলছে।

ট্রাম্পের অভিষেকের পরই আয়োজিত এক জরিপে প্রায় ৫৫ শতাংশ অংশগ্রহণকারী বলেছিলেন, ট্রাম্পের প্রথম ১০০ দিনের প্রধান অগ্রাধিকার উচিত মুদ্রাস্ফীতি বা সামগ্রিক অর্থনীতির উন্নতি। আর ট্রাম্পের নিজের পছন্দের অভিবাসন ইস্যুর সপক্ষে মত দিয়েছিলেন মাত্র ২৩ শতাংশ অংশগ্রহণকারী।

সাম্প্রতিক জরিপে তিন-চতুর্থাংশ অংশগ্রহণকারী আশঙ্কা প্রকাশ করেছেন, যুক্তরাষ্ট্র একটি মন্দার দিকে যাচ্ছে। আর ৫৬ শতাংশ অংশগ্রহণকারী মনে করেন, ট্রাম্পের অর্থনৈতিক পদক্ষেপ অত্যন্ত এলোমেলো।

৩৪-১০, ৮৪ স্ট্রীট, ৭ ট্রেন, কিউ-৩২/৩৩ বাস দুই ব্লকের মধ্যে এপার্টমেন্ট বিল্ডিংয়ের প্রথম তলায় একটি
বড় রুম, দুই জন কর্মজীবী মুসলিম বা স্বামী-স্ত্রীর নিকট এপ্রিল মাস থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৭৩৮-৭৬৬৬.

রুম ভাড়াঃ
ইস্টএলমহার্স্ট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউ এর মাঝে ৮১ স্ট্রিট এর উপরে এক তলায় ছেলেদের জন্য একটি রুম ভাড়া দেওয়া হবে। যোগাযোগ : ৯১৭-৩০১-২০৬৩

বাসা ভাড়া

বাসা ভাড়াঃ
ব্রঙ্কসের ৬ ট্রেন এর জেরেগা সাবওয়ের নিকটে মসজিদ, স্কুল ও মেডিকেল সেন্টার এর পাশে একটি ৩ বেডরুমের বাসা লিভিংরুম, ডাইনিং রুম, কিচেন ও বাথরুম সহ ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭- ৭৪৮-৮৭৪৫। সময়- সকাল ৯টা থেকে রাত ১০টা।

বেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: **917 863-9002.**

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

বাড়ি ভাড়াঃ
নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে।
যোগাযোগ : **917-495-1391**
917-495-3908.

বাসা ভাড়া

রুম ভাড়াঃ
প্রাইম লোকেশনে ১লা মার্চ থেকে সম্পুর্ন নিরাপদ ও ভালো পরিবেশে ফ্যামিলির সাথে থাকার জন্য। ১জন স্টুডেন্ট অথবা কর্মজীবী বাঙালি নারীর জন্য এক রুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ:
105-10 217th Lane Queens village NY-11429 Subway E/F to Bus Q110 Q2 LIRR
Mobile. 646-934-3056

বাড়ি ভাড়াঃ
উডহ্যাভেনে দুই বেডরুমের একটি বড় বাসা সাবওয়ের কাছে ১লা এপ্রিল থেকে ভাড়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৯০৭-৪০০৮, ৯২৯-৩৯৩-১৪৬৪.

বাসা ভাড়াঃ
১৬৪-৪ th Street, Hicksvill, NY 11108, সুন্দর মনোরম পরিবেশে (ব্রান্ডনিউ) হার্ট অফ হিক্সবিল মিডিল স্কুল এবং হাই স্কুল সাথে, হিক্সভিল সাবওয়ের কাছে। তিন বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। ৬৪৬-৯৮৩-৫৭৪৯.

বাসা ভাড়াঃ
৮১-১৫, ১৩৮ স্ট্রীট, ব্রায়ারউড (কিউ গার্ডেন সাবওয়ের সন্নিকটে) দোতলা (৩ বেডরুম, ১.৫ বাথরুম, ১ বেলকনি)র জন্য ভাড়াটিয়া আবশ্যক। ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগঃ ৬৪৬-৮৮৬-৬৪০৮, ৬৪৬-৬৬৪-৬৮৮৯.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা,হিলসাইড এভিনিউ এবং ২০৮ স্ট্রীট এর সন্নিকটে ২য় তলা ২ বেডরুম, লিভিং, ডাইনিং, কিচেন, বাথরুমসহ বাসা ভাড়া হবে। বাসার নিকটে মসজিদ, স্কুল, বাস ইত্যাদি। যোগাযোগঃ ৯২৯-৩০৯-৮৫৯৬.

বাসা ভাড়াঃ
ইস্ট এলমহার্স্ট জামে মসজিদ সংলগ্ন ২৫ এভিনিউ এবং ৯৮ স্ট্রীটে ২ বেডরুমের বাসা, ১ বেড রুমের বেসমেন্ট ১লা এপ্রিল থেকে ভাড়া হবে। নিউলি রিনোভেটেড।
ফোনঃ ৭১৬- ৬৩৮-৩০৪২.

বাসা ভাড়াঃ
২ বেডরুমের বাসা ভাড়া। জ্যামাইকা ইয়র্ক কলেজ সন্নিকটে ২ বেডরুমের ১টি ২য় তলা বাসা ১লা এপ্রিল থেকে ফ্যামিলির নিকট ভাড়া দেয়া হবে। ই ট্রেন এফ ট্রেন সাবওয়ে থেকে ১০ মিনিট দূরত্ব। ফোনঃ ৩৪৭-৪৮৪-৫২৮৩.

বাসা ভাড়াঃ
ওজনপার্ক লিবার্টি এভিনিউ এ ট্রেন বাইতুন নূর মসজিদের সংলগ্ন দ্বিতীয় তলা ৫টি রুম- দুটি বাথ, বড় কিচেন, ২টি চুলা, ২টি ফ্রিজ আছে। দুই পরিবার শেয়ার করতে পারবে। ৩৪৭-২৫৯-২৯৫৪/৩৪৭-২৫৫-৪৮৪৬

বাসা ভাড়াঃ
এলমহার্স্ট হাসপাতালের কাছে ছোট ফ্যামিলি বা দুইজন কর্মজীবী মহিলার কাছে বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ ৭১৮-৪৪৬-২৭৫০, ৩৪৭-৬৭১-৫০৯৪.

বাসা ভাড়াঃ
Basement for rent (1 to 2 people max), con-sists of 1 bedroom and 1 living room with newly ren-ovated kitchen, located near Sayres Avenue 111-36 177th Street Jamaica, NY 11433. Please call 917-326-1370.

banglapatrikausa@gmail.com
বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

ডাক্তার পাত্রের জন্য পাত্রী চাই
৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড, সুদর্শন ডাক্তার পাত্রের জন্য সরাসরি অথবা ঘটক যোগাযোগ করুন।
Email: hmurshedmd@gmail.com
Phone: 850 866 9012

বাসা ভাড়াঃ
Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693. যোগাযোগ : 347-635-0705.

বাসা ভাড়াঃ
১০৭-৪৬ গাই-আর ব্রিউয়ার বুলেভার্ড, জ্যামাইকা, ২ ফ্যামিলির বাসার ২য় তলার তিন বেড, প্রশস্ত কিচেন, লিভিং রুমের বাসা ভাড়া দেয়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে (ব্যাচেলার/ফ্যামিলি)। যোগাযোগঃ ৩৪৭-৬৫৪-৬৫০২.

বাসা ভাড়াঃ
২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা পারসন্স বুলেভার্ড এলাকায় এফ ট্রেন এর ২ মিনিট হাঁটার দূরত্ব, ৩ বেডরুম এর বাসার একটি রুম/ শেয়ারে ভাড়া হবে। শুধুমাত্র পুরুষ ব্যাচেলারের জন্য। যোগাযোগঃ 929-261- 9941.

বাসা ভাড়াঃ
রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

বেসমেন্ট ভাড়াঃ
বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ। যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

বেসমেন্ট ভাড়াঃ
জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জজিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার। ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

House for rent: (1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

House For Rent: October 1st 3 bedroom 1 bath For rent in 2nd floor one block away from Mosque & Grocery . Q6 bus 3 stop to Sutphin Blvd E train . zip code 11433 . Next to Fresh Farm Halal Supermarket.
Contact- 347-925-3356 or 929-542-6400.

House for rent :
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

Apartment for rent:
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

Apartment for rent:
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

Apartment For Rent

3-bedroom apartment in private house in Jamaica near 177th St and Liberty Avenue available for rent. Please contact Mojib at (347) 234-8295.

টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩

ড্রাইভারঃ জ্যাকসন হাইটস ও উডসাইড এলাকায় র‍্যাভ-৪ ইয়েলো ক্যাব গাড়ির জন্য দিনের শিফটের জন্য একজন ড্রাইভার আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-২২৯-৬৮৩৬.
ড্রাইভারঃ TLC **বাৎসরিক চুক্তিতে, চারশত মাস করে, আগ্রহীরা নিম্নের নম্বরে যোগাযোগ করুন। মোবাঃ ৬৪৬-৭০৪-৫৭৪৯.**

নারায়ণগঞ্জ জেলা সমিতির বর্ষবরণে মিলনমেলা





নিউইয়র্ক: নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকা আয়োজিত বাংলা বর্ষবরণ ১৪৩২ ও পিঠা উৎসব পরিণত হয় মিলনমেলায়। গত ১৮ এপ্রিল রাতে নিউইয়র্ক শহরের নাগরিক জীবনের কোলাহল ভুলে প্রবাসী নারায়ণগঞ্জবাসীরা মেতেছিল ইলিশ-পান্তা-পিঠা ভোজন আর নাচ-গানের মনোজ্ঞ আয়োজনে।

জ্যাকসন হাইটসের সানই পার্টি হলে এই অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোস্তফা জামাল টিটু এবং অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক কামাল হোসেন টিটু ও লেখক ও সাংবাদিক দর্পণ কবীর।

অনুষ্ঠানের প্রথম পর্বে ছিল আলোচনা সভা। এই আলোচনা সভায় বক্তব্য রাখেন সংগঠনের সিনিয়র উপদেষ্টা ও সাবেক সভাপতি কাজী আজাহারুল হক মিলন, সাবেক সভাপতি মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোহাম্মদ মতিউর রহমান , সিনিয়র উপদেষ্টা ও সাবেক সভাপতি মোহাম্মদ মোহসীন, বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক ও সংগঠনের সাবেক সভাপতি মোহাম্মদ আলী, সংগঠনের উপদেষ্টা ও সাবেক সভাপতি শামসুল আলম লিটন, সংগঠনের উপদেষ্টা ও সাবেক সভাপতি মির্জা ফরিদ উদ্দিন, সংগঠনের উপদেষ্টা মনজুরুল করিম, সংগঠনের উপদেষ্টা মহসিন ননী এবং সংগঠনের উপদেষ্টা নাসির উদ্দিন আহমেদ চঞ্চল।

তারা বক্তব্য রাখতে গিয়ে প্রবাসী নারায়ণগঞ্জবাসীদের নিজেদের মধ্যে সৌহার্দ্য-সম্প্রীতি ধরে রাখার আহবান জানান এবং নতুন প্রজন্মকে নিজেদের কৃষ্টি ও সংস্কৃতির চর্চা এবং বাংলা ভাষায় কথা বলার প্রচেষ্টা অব্যাহত রাখার কথা বলেন। এ ক্ষেত্রে অভিভাবকদের বিশেষ ভূমিকা রাখার আহবান জানান তারা। সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক তাদের বক্তব্যে এই বর্ণাঢ্য বাংলা বর্ষবরণ ও পিঠা উৎসব আয়োজন সফল করতে বিশেষ ভূমিকা রাখার জন্য সংগঠনের পৃষ্ঠপোষক মোশতাক আহমেদ (নিউটন), রাফাত হোসেন, এস.এম. সায়েম মিঠু, আশিক ইসলাম (কবির) ও দোলন খন্দকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ।



নারীরা লাল পাড়ের শাদা শাড়ি এবং পুরুষরা একই রঙের পাঞ্জাবী পড়ে অনুষ্ঠানে অংশ নেয়ায় মিলনায়তনে বর্ণিল পরিবেশ তৈরি হয়। অনুষ্ঠানে নারায়ণগঞ্জের বিশিষ্ট ব্যক্তি ছাড়াও আমন্ত্রিত অতিথি হিসাবে বেশ কয়েকজন সুধী ও কমিউনিটি নেতা উপস্থিত ছিলেন। তাদের মধ্যে উল্লেখ্যযোগ্যরা হলেন বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম ও জামাইকা এসোসিয়েশনের সহ-সভাপতি ও মূলধারার নেতা আহসান হাবিব। এই অনুষ্ঠানে নিউইয়র্ক শহর ছাড়াও নিউজার্সী, আপস্টেট ও লং আইল্যান্ড থেকে প্রবাসী নারায়ণগঞ্জবাসী এসে যোগ দেন।

অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করেন মোহাম্মদ ওয়াসুদ্দিন, শাহ মাহবুব, নিপা জামান ও মির্জা ফরিদ উদ্দিন।-- প্রেস বিজ্ঞপ্তি

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

KAKATUA AGENCY
Authorised IRS e-file Provider
কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

NIGAR SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD



বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টি বোর্ডের

শেষ পৃষ্ঠায় পর

বোর্ডের চেয়ারম্যান কে হচ্ছেন তা নিয়ে চলছে নানা জল্পনা-কল্পনা। তবে ধারণা করা হচ্ছে বিশিষ্ট ব্যবসায়ী লায়ন শাহ নেওয়াজ-ই হচ্ছেন ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান।

বাংলাদেশ সোসাইটির একাধিক সূত্রে জানা গেছে, নব মনোনীত ১২ সদস্যের ট্রাষ্টি বোর্ডের সদস্যকে ২/১ দিনের মধ্যে তাদের অফিসিয়াল চিঠি হস্তান্তর করা হবে। বোর্ড সদস্যরা আগামী পহেলা জুন থেকে দায়িত্বপ্রাপ্ত হবেন এবং তাদের দায়িত্ব গ্রহণের আগেই সোসাইটির কার্যকরী কমিটির কর্মকর্তাদের সাথে তাদের যৌথ সভা অনুষ্ঠিত হবে। বোর্ডের সদস্যা দায়িত্বপ্রাপ্ত হওয়ার পর তারা সভায় মিলিত হবেন এবং সেই সভায় চেয়ারম্যান মনোনীত করবেন। জানা গেছে, ট্রাষ্টি বোর্ডের সভায় আলোচনা ভিত্তিতে চেয়ারম্যান মনোনীত করার উদ্যোগ নেয়া হবে। সে উদ্যোগ সফল না হলে ট্রাষ্টি সদস্যদের গোপন সিদ্ধান্তে/ভোটে চেয়ারম্যান মনোনীত হবে।

সংশ্লিষ্ট একাধিক সূত্রে জানা গেছে, সব দিক বিবেচনায় বিশিষ্ট ব্যবসায়ী লায়ন শাহ নেওয়াজ নতুন ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান হওয়ার দৌড়ে এগিয়ে আছেন। তার বাইরে সোসাইটির সাবেক সভাপতি ফার্মাসিস্ট আক্তার হোসেন ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান হওয়ার সম্ভাবনা রয়েছে। এর বাইরে আপাততঃ আর কারো নাম আলোচনায় নেই বলে সূত্রগুলো জানিয়েছে।

উল্লেখ্য, গত ২০ এপ্রিল, রোববার সোসাইটি কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে কার্যকরী পরিষদের কর্মকতাদের গোপন ভোটে ১২ জনকে নতুন বোর্ড গঠন করা হয়। ট্রাষ্টি বোর্ডের নতুন সদস্যরা হলেন- আক্তার হোসেন, কাজী আজহারুল হক মিলন, আজিমুর রহমান বোরহান, আতরাউল আলম, আব্দুর রহিম হাওলাদার, শাহ নেওয়াজ, ডা. এনামুল হক, জুনাইদ চৌধুরী, কাজী সাখাওয়াত হোসেন আজম, ফখরুল ইসলাম দেলোয়ার, আহসান হাবীব এবং নাঈম টুটুল। এদের মধ্যে অধিকাংশই নতুন মুখ।

সিলেট ওসমানী বিমানবন্দরে সকল আন্তর্জাতিক



শেষ পৃষ্ঠায় পর

পূর্ণাঙ্গ আন্তর্জাতিক বিমান বন্দরে পরিনত করার দাবীতে প্রবাসীদের পক্ষ থেকে বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা ড. মোঃ ইউনুস বরাবরে স্মারকলিপি প্রদান করা হয়। যুক্তরাষ্ট্রে বসবাসরত বৃহত্তর সিলেটবাসী প্রবাসীরা ২৫ এপ্রিল শুক্রবার নিউইয়র্কের বাংলাদেশ কনসুলেট অফিসের মাধ্যমে এ স্মারকলিপি প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সিলেট পৌরসভা ও সদর উপজেলার সাবেক চেয়ারম্যান বাবরুল হোসেন বাবুল, সাবেক জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি ময়নুল চৌধুরী হেলাল, বাংলাদেশ সোসাইটির উপদেষ্টা ও জালালাবাদ এসোসিয়েশনের প্রধান নির্বাচন কমিশনার আজিমুর রহমান বুরহান, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারন সম্পাদক অধ্যাপক রানা ফেরদৌস চৌধুরী, বাংলাদেশ ল সোসাইটি ও মদিনা মসজিদের সভাপতি এডভোকেট নাসির উদ্দিন, সিলেট বিভাগ উন্নয়ন পরিষদের সভাপতি ছালেহ আহমদ চৌধুরী, গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশনের সহ সভাপতি মুলধারার রাজনীতিবিদ হাসান আলী, সিলেট টু নিউইয়র্ক চ্যানেলের এম ডি খলকু কামাল। --প্রেস বিজ্ঞপ্তি

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

‘বাংলাদেশ সোসাইটি’র ট্রাস্টি বোর্ড গঠন

শেষ পৃষ্ঠায় পর

কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে কার্যকরী পরিষদের কর্মকতাদের গোপন ভোটে ১২ জনকে নতুন ট্রাস্টি বোর্ড গঠন করা হয়। সভায় সোসাইটির কার্যকরী পরিষদের সব কর্মকর্তাই উপস্থিত ছিলেন।

ট্রাষ্টি বোর্ডের নতুন সদস্যরা হলেন- আক্তার হোসেন, কাজী আজহারুল হক মিলন, আজিমুর রহমান বোরহান, আতরাউল আলম, আব্দুর রহিম হাওলাদার, শাহ নেওয়াজ, ডা. এনামুল হক, জুনাইদ চৌধুরী, কাজী সাখাওয়াত হোসেন আজম, ফখরুল ইসলাম দেলোয়ার, আহসান হাবীব এবং নাঈম টুটুল। এদের মধ্যে অধিকাংশই নতুন মুখ।

সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী।

সভায় কার্যকরী পরিষদের অন্যান্য কর্মকর্তাদের মধ্যে সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি কামরুজ্জামান বকুল, সহ সাধারণ সম্পাদক আবুল কালাম ভুইয়া, কোষাধ্যক্ষ- মফিজুল ইসলাম ভুইয়া (রুমি), সাংগঠনিক সম্পাদক ডিউক খান, সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, জনসংযোগ ও প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, সমাজকল্যাণ সম্পাদক জামিল আনসারী, সাহিত্য সম্পাদক মোহাম্মদ আখতার বাবুল, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক আশ্রাব আলী খান লিটন, স্কুল ও শিক্ষা সম্পাদক মোহাম্মদ হাসান (জিলানী), কার্যকরী সদস্য যথাক্রমে হারুন ও রশিদ (চেয়ারম্যান), জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মোহাম্মদ সিদ্দিক পাটোয়ারী, আবুল কাশেম চৌধুরী, মুনসুর আহমদ ও হাছান খান উপস্থিত ছিলেন।

সভা সূত্র জানায়, অত্যন্ত আন্তরিকতাপূর্ন পরিবেশে সভা অনুষ্ঠিত হয়। সভার একটি এজেন্টা ছিলো ১২ সদস্য বিশিষ্ট ট্রাষ্টিবোর্ড গঠন। সভায় গোপন প্রস্তাবে ঐক্যমতের ভিত্তিতেই ট্রাষ্টি বোর্ড গঠন করা হয়। নতুন ট্রাষ্টি বোর্ডের মেয়াদ কাল হবে ২০২৫ সালের জুন থেকে ২০২৭ সালের জুন পর্যন্ত। বাংলাদেশ সোসাইটির সভায় মনোনীত ট্রাষ্টি বোর্ডে যারা মনোনীত হয়েছেন তাদের মধ্যে ফার্মসিস্ট আক্তার হোসেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি ও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ সভাপতি।

বীর মুক্তিযোদ্ধা কাজী আজহারুল হক মিলন বাংলাদেশ সোসাইটির সাবেক সিনিয়র সহ সভাপতি। তিনি একাধিকবার সোসাইটির কার্যকরী পরিষদের নির্বাচিত সাবেক কর্মকর্তা।

আজিমুর রহমান বোরহান সোসাইটির বিদায়ী ট্রাষ্টি বোর্ড সদস্য ছিলেন। একই পদে পুনরায় নির্বাচিত হলেন। তিনি বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র তিন তিনবারের নির্বাচিত সাবেক সভাপতি।

আতরাউল আলম দেশের উত্তরবঙ্গের ১৬টি জেলার সমন্বয়ে গঠিত নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সভাপতি। আব্দুর রহিম হাওলাদার বাংলাদেশ সোসাইটির সাবেক সিনিয়র সহ সভাপতি। এক সময় সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব পালন করেছেন। এছাড়াও একাধিকবার নির্বাচিত সাবেক কর্মকর্তা।

কমিউনিটি বোর্ড মেম্বার লায়ন শাহ নেওয়াজ প্রবাসের বিশিষ্ট ব্যবসায়ী। শাহ নেওয়াজ গ্রুপের (গোল্ডেন এইজ হোমকেয়ার ইনক, এনওয়াই কার এন্ড লিমো সার্ভিসেস ইনক, এনওয়াই ইন্স্যুরেন্স ব্রোকারেজ ইনক) কর্ণধার। সাপ্তাহিক আজকাল-এর প্রকাশক ও সম্পাদক। এছাড়াও তিনি জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন-জেবিবিএ'র সাবেক সভাপতি এবং বাংলাদেশ জ্যামাইকা এসোসিয়েশনের সভাপতি।

ডা. এনামুল হক রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের অন্যতম পৃষ্ঠপোষক ও উপদেষ্টা।

জুনাইদ আহমেদ চৌধুরী ফেঞ্চুগঞ্জ অরগানাইজেশন অব আমেরিকা ইনক এর প্রতিষ্ঠাতা আহবায়ক।

কাজী সাখাওয়াত হোসেন আজম ফোবানা'র একাংশের এক্সিকিউটিভ সেক্রেটারি ও ফোবানা কনভেনশন ২০২৫ এর কনভেনর। প্রবাসী চট্টগ্রামবাসীদের বৃহৎ সামাজিক সংগঠন চিটাগাং এসোসিয়েশন অফ নর্থ আমেরিকা ইনক এর সাবেক সভাপতি। যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক যুগ্ম সম্পাদক এবং ইন্টারএষ্টেট বিএনপি'র সভাপতি।

কমিউনিটি বোর্ড মেম্বার ফখরুল ইসলাম দেলোয়ার জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি। সাবেক যুগ্ম সম্পাদক জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা এবং বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক সংস্কৃতিক সমিতি ইউএসএ'র সাবেক সাধারণ সম্পাদক ও ফাতেমা গ্রুপ অফ কোম্পানীর অন্যতম পরিচালক।

কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবীব জ্যামাইকা বাংলাদেশ এসোসিয়েশন (জেবিএ) এর অন্যতম সহ সভাপতি, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট, ব্যবসায়ী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আবৃত্তিকার।

নাঈম টুটুল উদীয়মান উদ্যোক্তা ও ব্যবসায়ী, মর্টগেজ ব্যাংকার ডেভেলপার, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট।


আক্তার হোসেন


কাজী আজহারুল হক মিলন


আজিমুর রহমান বোরহান


আতরাউল আলম


আব্দুর রহিম হাওলাদার


শাহ নেওয়াজ


ডা. এনামুল হক


জুনাইদ চৌধুরী


কাজী সাখাওয়াত হোসেন আজম


ফখরুল ইসলাম দেলোয়ার


আহসান হাবীব


নাঈম টুটুল





আসছেন নতুন অভিবাসী

শেষ পৃষ্ঠায় পর

বাস্তবায়নে কখনো কখনো ধীর গতি পরিলক্ষিত হলেও ট্রাম্প প্রশাসনের সময় তা গতি পেয়েছে। নানা কারনেই এমনটি হচ্ছে। গেলো সপ্তাহে একাধিক বাংলাদেশী পরিবার ইমিগ্র্যান্ট ভিসায় যুক্তরাষ্ট্র আগমন করেছেন। তারা জানান, ঢাকা থেকে নিউইয়কের উদ্দেশ্যে রনো দেয়ার আগে তাদের মধ্যে নানা ভয়ভীতি কাজ করলেও জেএফকে আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশনে তাদের তেমন কোন অপ্রীতিকর ঘটনার শিকার হতে হয়নি। তাদেও মতে স্বাভাবিক নিয়মেই তারা ইমিগ্রেশন পারন হয়েছেন।

অপরদিকে ট্রাম্প প্রশাসনের কঠোর অভিভাবসন নীতির মধ্যেই স্বাভাবিক গতিতে চলছে আমেরিকান গ্রীনকার্ডধারীদের সিটিজেনশীপ প্রক্রিয়া। তবে এক্ষেত্রে ধীর গতি পরিলক্ষিত হচ্ছে। গেলো সপ্তাহে একাধিক বাংলাদেশী যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পেয়েছেন। যুক্তরাষ্ট্র আওয়ামী যুবলীগ নেতা রহিমুজ্জামান সুমনের স্ত্রী জেসমিন জামান গত ২৫ এপ্রিল যুক্তরাষ্ট্রের সিটিজেনশীপ লাভ করেছেন। স্ত্রীর সিটিজেনশীপ লাভের প্রতিক্রিয়ায় রহিমুজ্জামান সুমন তার ফেসবুকে তার ও স্ত্রীর ছবি দিয়ে লিখেছেন 'সে এখন আমেরিকার নাগরিক'।

যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন ভিসা এবং নাগরিকত্ব সম্পর্কে বিশিষ্ট ইমিগ্রেশন এটর্নী মীর মোহাম্মদ মিজানুর রহমান জানান, যুক্তরাষ্ট্রের সব কিছুই ঠিকঠাক চলছে। ট্রাম্প প্রশাসন যেসব আইন প্রয়োগ করছেন তা আগেও ছিলো এখনো আছে। তার মতে আগে আইন কম প্রয়োগ হয়েছে। আর এখন কঠোরভাবে আইনগুলো প্রয়োগ করা হচ্ছে।

এটর্নী মীর মিজান বলেন, তবে ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয়বার ক্ষমতায় এসে তার পূর্ব ঘেষিত অভিবাসন নীতি বাস্তবায়সে কঠোর পন্থা অবলম্বন করেছেন। ফলে সর্বত্রই ভয়-ভীতি আর কিছুটা আতংক বাড়ছে। তিনি বলেন, আইনের সঠিক প্রয়োগের মাধ্যমে ভয়কে জয় করতে হবে। আতংকিত না হয়ে ঠান্ডা মাথায় পরিস্থিতি মোকাবেলা করতে হবে, চলতে হবে সতর্কতার সাথে।

মানুষ মনে করে অন্তর্বর্তী সরকার

শেষ পৃষ্ঠায় পর

রিয়েল রিফর্ম অর জাস্ট আ নিউ রুলিং ক্লাস ইন বাংলাদেশ' শিরোনামে সাক্ষাৎকারটি গত রোববার আলজাজিরার ওয়েবসাইটে প্রকাশ করা হয়। দীর্ঘ সাক্ষাৎকারে জুলাই বিপ্লব, সাবেক স্বৈরাচার প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারতে পালিয়ে যাওয়া, সাবেক সরকারের দুর্নীতিসহ বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন তিনি।

আলজাজিরার উপস্থাপক ড. ইউনূসকে প্রশ্ন করেন, এটা কি বলা ঠিক যে, শেখ হাসিনার পতনের পর অন্তর্বর্তী সরকারের 'মধুচন্দ্রিমা' এখন সম্ভবত শেষ হয়েছে? কিছু বেশ বড় চ্যালেঞ্জ রয়েছে, যেগুলোর সুনির্দিষ্ট জবাব আপনাকে দিতে হবে। কারণ, পুরোনো ক্ষমতাধরদের প্রভাব রয়েছে, অনেকে রাজনৈতিক শূন্যতাকে কাজে লাগাতে চাইতে পারে।

জবাবে ড. ইউনূস বলেন, মধুচন্দ্রিমা শেষ হোক বা না হোক, বাংলাদেশের মানুষ মনে করে অন্তর্বর্তী সরকার এখনও তাদের জন্য ভালো সমাধান। তারা অন্তর্বর্তী সরকারকে সরাসরি চলে যেতে এখনও বলছে না। বরং একটা ভালো নির্বাচন উপহার দিতে সরকারই নির্বাচন আয়োজনের দিকে যাচ্ছে। জনগণ তাড়াতাড়ি ক্ষমতা হস্তান্তরের কথা এখনও বলছে না।

লাখ লাখ রোহিঙ্গা শরণার্থীর সমাধান কি বাংলাদেশ একা করতে পারবে? জবাবে ড. ইউনূস বলেন, আমরা আন্তর্জাতিক সংস্থা ও জাতিসংঘের সঙ্গে রোহিঙ্গা সমস্যা নিয়ে কাজ করছি। তারা যাতে নিরাপদে বাড়ি ফিরে যেতে পারে, তা নিশ্চিত করার চেষ্টা করছি। বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে কিছু বোঝাপড়া যাতে তৈরি হয়।

নির্বাচনে আওয়ামী লীগকে অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে কিনা এমন প্রশ্নের জবাবে ড. ইউনূস বলেন, এ প্রশ্নের জবাবের একটি অংশ আওয়ামী লীগকেই নির্ধারণ করতে হবে। দলটি আগে নিজেই সিদ্ধান্ত নেবে তারা নির্বাচনে যোগ দেবে কিনা। তারা এখনও কিছু ঘোষণা করেনি। তা ছাড়া নির্বাচনের সময় নির্বাচন কমিশন কী প্রতিক্রিয়া দেয়, সেটাসহ নানা বিষয় সামনে আসতে পারে।

তাহলে আওয়ামী লীগের নির্বাচনে অংশ নেওয়ার বিষয়টি নির্বাচন কমিশনের ওপর ছেড়ে দিচ্ছেন কিনা জানতে চাইলে তিনি বলেন, বিষয়টি তা নয়। অন্যান্য রাজনৈতিক দল আছে, যারা বলতে পারে যে, এই আইনের অধীনে আওয়ামী লীগ নির্বাচনে অংশ নিতে পারবে না।

সাক্ষাৎকারে থাইল্যান্ডের ব্যাংককে ড. ইউনূসের সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বৈঠকের প্রসঙ্গ ওঠে। ড. ইউনূস জানান, তিনি বিমসটেক সম্মেলনের ফাঁকে মোদির সঙ্গে বৈঠক করেছিলেন। সেখানে শেখ হাসিনাকে 'চুপ' রাখতে বলেছিলেন তিনি। জবাবে মোদি বলেছিলেন, এটা তাঁর জন্য সম্ভব নয়। শেখ হাসিনা সামাজিক মাধ্যম ব্যবহার করে কিছু বললে, সেটি তিনি নিয়ন্ত্রণ করতে পারবেন না।

যুক্তরাষ্ট্র, ভারত, পাকিস্তান ও চীনের সঙ্গে সম্পর্ক নিয়ে ড. ইউনূস বলেন, একসঙ্গে কাজ করার নীতি নিয়ে আগাতে চাই। আমরা একসঙ্গেই পারস্পরিক সহযোগিতামূলক পদক্ষেপ নিতে চাই।

নর্থ আমেরিকান মুসলিম এলায়েন্স'র কনভেশন







শেষ পৃষ্ঠায় পর এপ্রিল) নিউইয়র্কে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। এতে সংগঠনের প্রেসিডেন্ট মোহাম্মদ সাইফুল আজম আল-আজহারি জানান, যুব সমাজকে ধর্মীয় সংস্কৃতিতে জড়িয়ে রাখতে সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করা হবে। তিনি বলেন জনপ্রিয় ইসলামিক বক্তাদের আলোচনায় এই অনুষ্ঠানের মূল লক্ষ্য আগত প্রায় ২৫০০ মুসলিমগণ তাদের জীবন যাপনে ইসলামিক নানাবিধ গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা মূলক শিক্ষা লাভ করতে পারবেন এই প্রোগ্রাম থেকে। আয়োজন উপলক্ষে থাকা খাওয়ার সুব্যবস্থা রেখে ফ্যামিলি প্যাকেজসহ চার বছর বয়সীদের অংশগ্রহণ ফ্রি করা হয়েছে ।

কনভেনশনে অংশ নেবেন বিশিষ্ট ইসলামিক স্কলার ইমাম জাঈদ শাকির, শেখ নূর মোহাম্মদ কাব্বানী, ইমাম গোলাম রসুল, শেখ আলী অ্যাল সাঈদ ও ড. মোহাম্মদ বিন আহিয়া আল-নিনোঈ।

সংবাদ সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সংগঠনের অন্যতম পৃষ্ঠপোষক ও বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য গিয়াস আহমেদ। প্রেস কনফারেন্সে সংগঠনটির সাধারণ সম্পাদক হুমায়ুন মোর্শেদ, ট্রেজারার হাসনাত সহ সিনিয়র সাংবাদিকগণ উপস্থিত ছিলেন। এছাড়াও কমিউনিটির বিভিন্ন শ্রেণিপেশার নেতৃস্থানীয় ব্যক্তিরাও উপস্থিত ছিলেন।

মায়ের সাথে ইউএস সিটিজেন

প্রথম পৃষ্ঠার পর সবাই যুক্তরাষ্ট্রের নাগরিক। সাম্প্রতিক সপ্তাহে ওইসব শিশুকে তাদের মায়ের সাথে হন্ডুরাসে পাঠানো হয়েছে, নির্বাসিত করা হয়নি।"

সিএনএন ফেডারেল বিচারকের উদ্বৃতি দিয়ে তাদের প্রতিবেদনে বলে, ট্রাম্প প্রশাসন দুই বছর বয়সী শিশুকে 'কোনো যথাযথ প্রক্রিয়া ছাড়াই' নির্বাসিত করেছে। শিশুটির বাবা তাকে যুক্তরাষ্ট্রে ফিরিয়ে আনার চেষ্টা করছেন। আদালতের নথিতে মেয়েটিকে 'ভিএমএল' নামে উল্লেখ করা হয়েছে

ডিস্ট্রিক্ট জজ টেরি এ ডাউটি জানান, 'একজন ইউএস নাগরিককে নির্বাসিত করা, নির্বাসনের জন্য আটক করা বা নির্বাসনের সুপারিশ করা অবৈধ এবং অসাংবিধানিক। সরকার যে একজন ইউএস সিটিজেনকে কোনো যথাযথ প্রক্রিয়া ছাড়াই নির্বাসিত করেছে, আমাদের এই সন্দেহ দূর করা প্রয়োজন।'

তিনি আগামী ১৬ মে এ বিষয়ে শুনানির দিন ধার্য করেছেন।

ট্রিশ ম্যাকের করা অভিযোগ অনুসারে, ভিএমএলকে মঙ্গলবার তার মা জেনি ক্যারোলিনা লোপেজ ভিয়েলা এবং বড় বোনের সঙ্গে মার্কিন ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট আটক করে। তখন ভিয়েলা নিউ অরলিন্স অফিসে একটি নিয়মিত সাক্ষাতের জন্য গিয়েছিলেন।

তবে আইনজীবীরা বলেন, ভিয়েলা যার হেফাজত রয়েছেন, তিনি আইসিইকে জানিয়েছেন শিশুটিকে তাঁর জিম্মায় রাখতে চান এবং তাকে হন্ডুরাস নিয়ে যেতে চান।

শুক্রবার ট্রাম্প প্রশাসনের কর্মকর্তারা জানান, ভিএমএলের স্বার্থে তাকে মায়ের জিম্মায় রাখা হয়েছে। এতে ক্ষতির ঝুঁকি নেই।

অপরদিকে এ সি এল ইউ জানিয়েছে, দেশ থেকে সরিয়ে নেওয়া শিশুদের মধ্যে একজনের মেটাস্ট্যাটিক ক্যান্সারচ রয়েছে এবং তাকে ওষুধ বা চিকিৎসা পরামর্শ ছাড়াই নির্বাসিত করা হয়েছে।

ন্যাশনাল ইমিগ্রেশন প্রজেক্টের গ্রেসি উইলিস বলেন, মায়েদের সিদ্ধান্ত নেওয়ার ন্যায্য সুযোগ দেওয়া হয়নি যে তারা সন্তানদের যুক্তরাষ্ট্রে থাকতে চান কিনা।

তিনি বলেন, "গত কয়েক দিন ধরে আইসিই থেকে আমরা যা দেখেছি তা ভয়াবহ ও বিভ্রান্তিকর। পরিবারগুলির সদস্যদের পৃথক করে দেয়া হয়েছে। ৪ বছর বয়সী এবং ৭ বছর বয়সীকে ভাইবোনকে তাদের মায়ের সাথে গ্রেপ্তার হওয়ার এক দিনের মধ্যে হন্ডুরাসে নির্বাসিত করা হয়েছিল।"

এদিকে মিয়ামি হেরাল্ড শনিবার জানিয়েছে, আইদি সানচেজ তেজেদা একজন কিউবান। যিনি যুক্তরাষ্ট্রের নাগরিককে বিয়ে করেছেন, যার সাথে তার একটি শিশু কন্যা রয়েছে, তাকে এই সপ্তাহের শুরুতে আটক করা হয়েছিল এবং বৃহস্পতিবার কয়েক ডজন কিউবান অভিবাসী বহনকারী একটি ফ্লাইটে হাভানায় নির্বাসিত করা হয়েছিল। তখন তার ছোট্ট ১ বছরের শিশুটি বাবার কাছে রয়ে গেছে

ওই নারীর স্বামী কার্লোস ইউনিয়েল ভ্যালে তার ফেসবুক অ্যাকাউন্টে পোস্ট করা একটি আবেগময় ভিডিওতে স্প্যানিশ ভাষায় বলেছেন, "মায়ের স্তনপানকারী ছোট্ট মেয়েটিকে মায়ের থেকে আলাদা করে দিয়েছে। তারা একটি মা, একটি বাবা এবং একটি মেয়ের ভবিষ্যতকে হত্যা করেছিল যখন সে বেঁচে ছিল।"

অবৈধ অভিবাসীদের

শেষ পৃষ্ঠায় পর

টার্গেট করেছে এবং অভিবাসী-বিরোধী বক্তব্য বৈষম্য উল্লেখযোগ্য হারে বাড়িয়েছে।"

ইমিগ্রেন্ট লিগ্যাল রিসোর্স সেন্টার এই নীতিকে "সারা দেশে আতঙ্ক ও ভয় ছড়ানোর ট্রাম্প প্রশাসনের আরেকটি কৌশল" বলে অভিহিত করেছে।

বৃহস্পতিবার ইউএস ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার একটি গাইডলাইন জারি করে, যেখানে স্ন্যাপ (সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিসটেন্স প্রোগ্রাম) এর জন্য আবেদনকারীদের পরিচয় ও অভিবাসন মর্যাদা যাচাই কঠোর করতে রাজ্য এজেন্সিগুলোকে নির্দেশ দেওয়া হয়েছে।

বিদায় কবি–

শেষ পৃষ্ঠায় পর কবি সাহিত্যিকের উন্মেষ ঘটেছিল। ব্যতিক্রমী জ্বালাময়ী ভিন্ন আঙ্গিকের এসব সাহিত্যকর্ম দ্রুতই পাঠকদের মনোযোগ আকর্ষন করে ফেলে। রাতারাতি অনেকেই কবি সাহিত্যিক গল্পকারের মর্যাদায় অভিষিক্ত হন। আজাদ পাবলিকেশন্সের সিনে সাপ্তাহিক চিত্রাকাশ ছিল তখন এইসব উঠতি কবি সাহিত্যিকদের নিয়মিত আড্ডাখানা। সম্পাদক আজিজ মিসির একটু কাঠখোট্টা টাউপের মানুষ হলেও নির্বাহী সম্পাদক অভিনয় কুমার দাস ছিলেন দরাজদিল আড্ডাবাজ। আমি তখন এখানে একজন জুনিয়ার রিপোর্টার। এই অফিসেই পরিচয় সে সময়ের সাড়া জাগানো তরুন কবি সাহিত্যিকদের সাথে। অনেকেই আসতেন লেখা দিতে। সে সুবাদে চলতো চা-পুরির সাথে জম্পেশ আড্ডা। এই সুবাদে সমবয়সী কম বয়সী বা কিছু বেশী বয়সী অনেকেই বন্ধু হয়ে যান। এখানেই পরিচয় শাহাদত হোসেন বুলবুল, মাসুক চৌধুরী, রফিক নওশাদ, শাহনুর খান, নুরুল করিম নাসিম, রফিকুল ইসলাম নাসিম, ইমদাদুল হক মিলন, আবু কায়সার, আলী ইমাম, নির্মলেন্দু গুন, অরুনাভ সরকার, আবুল কাসেম, মাহবুব হাসান, শিহাব সরকার, আবুল হাসান, হাবিবুল্লাহ সিরাজী, মুহম্মদ নুরুল হুদা, রবীন্দ্র গোপ, হেলাল হাফিজের মত ব্যক্তিত্বদের সাথে। এদের অনেকে তখন বেশ নাম করেছেন, কারও খ্যাতি বেশ ছড়িয়ে পড়েছে। কারও শুরু। এদের অনেকের সাথেই আমার বন্ধুত্বের সম্পর্ক গড়ে উঠেছিল। দাউদ হায়দারের সাথে সম্পর্কটা এ সময়কালের।

খুব বেশী কথা বলতো না। বয়সের তুলনায় একটু ভারী স্বভাবের। তাকে দেখেছি বেশীরভাগ সময় সাদা পাজামা পাঞ্জাবী পড়তে। গায়ে থাকতো একটা খদ্দরের চাদর। পায়ে স্যান্ডেল। একেবারেই সাদাসিধে। কেন যেন আমার সাথে ভাল মিলতো। দেখা হলে অনেকক্ষণ কথা বলতাম আমরা। এর মধ্যে একদিন 'জন্মই আমার আজন্ম পাপ' নামে একটা কবিতা লিখে বেশ সাড়া ফেলে দিলো। প্রথাবিরোধী একেবারেই ব্যতিক্রমী। সম্ভবত: দৈনিক সংবাদে ছাপা হয়েছিল। আলোচনায় চলে এলো দাউদ। পরিচিতি আরও বাড়লো।

স্বাধীনতার পর সাংবাদিকতা আর ক্লাশ নিয়ে ব্যস্ত হয়ে পড়ায় দাউদের সাথে যোগাযোগ একেবারেই কমে যায়। দেখা হতো কালেভদ্রে। তবে খবর রাখতাম। এর মধ্যে সে সংবাদে জয়েন করেছে। সম্ভবত: সাহিত্য পাতার দায়িত্বও পেয়েছিল। হঠাৎই একদিন শুনি ধর্ম নিয়ে কি একটা কবিতা লেখায় হুজুর মৌলানারা ক্ষেপেছে। নাস্তিক মুরতাদ ঘোষনা করে দাউদের ফাঁসির দাবীতে রাস্তায় নেমেছে। পাবনায় পৈত্রিক বাড়ীতে আগুন দেওয়া হয়। একজন নিকটাত্মীয়কে হত্যাও করা হয়। ঘাবড়ে যায় দাউদ।

এমনি একটা সময়ে কোথাও তার সাথে আমার দেখা হয়ে যায়। সেই খদ্দরের চাদর গায়ে। খুবই ভয়ার্ত ছিল। আমি তাকে প্রকাশ্যে চলাফেরা করতে নিষেধ করি। অল্পক্ষণ ছিলাম আমরা এক সাথে। এরপর দ্রুত স্থানত্যাগ করে। সেই শেষবার। আর কখনও দেখা হয় নাই আমার দাউদ হায়দারের সাথে। কিছুদিন আত্মগোপনে থাকে। ওদিকে আন্দোলন বেসামাল হয়ে উঠলে পরিস্থিতি আয়ত্বে আনতে বঙ্গবন্ধু তাকে গ্রেপ্তারের নির্দেশ দেন। আটক হন দাউদ। বেশ কিছুদিন জেলে রেখে তাকে কলকাতা পাঠিয়ে দেওয়া হয়। সেখানে বেশ কয়েক বছর থেকে জার্মানীতে থিতু হন। কাল (২৬ এপ্রিল) সেখানেই প্রানত্যাগ করেন।

তেইশে দুই দফা ইওরোপ যাওয়া হয়েছিল। দুইবারই ভেবেছিলাম জার্মান যাবো। গেলে পুরনো বন্ধুটির সাথে দেখা করে আসবো। হয়নি। এবারও ইচ্ছা আছে একবার যাওয়ার। ভেবেছিলাম গেলে অবশ্যই দেখাটা করে আসবো। হলো না। বন্ধুটি আমার সে সুযোগ দিলো না। একাকী জীবনের পরিসমাপ্তি ঘটিয়ে পাড়ি জমিয়েছেন দুর গগনে। খুবই আকুতি ছিল একবার দেশটা দেখবার। এখন যেখানে গেছেন, দু'চোখ ভরে দেখতে পাবেন দেশকে, গোটা বিশ্বকে। অনন্ত রাজ্যে ভাল থাকুন বন্ধু।

অবৈধ অভিবাসীকে সহায়তা করায় বিচারক গ্রেপ্তার

প্রথম পৃষ্ঠার পর কাশ প্যাটেল তার এক্স পোস্টে লিখেছেন, 'বিচারক ডুগান ইচ্ছাকৃতভাবে এজেন্টদের ভুল পথে পরিচালিত করেন, যাতে অবৈধ অভিবাসী এদুয়ার্দো ফ্লোরেস-রুইজ পালাতে পারেন। আমাদের এজেন্টরা পরে তাঁকে ধাওয়া করে ধরে ফেললেও বিচারকের এই বাধাদান জনসাধারণের জন্য ঝুঁকি বাড়িয়ে তোলে।'

এ বিষয়ে একজন আইন প্রয়োগকারী কর্মকর্তা গণমাধ্যমে জানিয়েছেন, ডুগানের বিরুদ্ধে দুটি অভিযোগ আনা হয়েছে একজন ব্যক্তিকে গ্রেপ্তার এড়াতে সাহায্য করা এবং ফেডারেল কর্তৃপক্ষের কাজে বাধা দেওয়া।

যুক্তরাষ্ট্রের মার্শাল সার্ভিসের মুখপাত্র ব্র্যাডি ম্যাক্যারন জানিয়েছেন, শুক্রবার সকাল সাড়ে ৮টায় বিচারক ডুগানকে গ্রেপ্তার করা হয়। পরে ফেডারেল মার্শালদের মাধ্যমে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়।

মিলওয়াকি শহরের কেন্দ্রস্থলে অবস্থিত ফেডারেল আদালতে ১০০ এর বেশি প্রতিবাদকারী এবং স্থানীয় কর্মকর্তারা মিলওয়াকি কাউন্টি সার্কিট বিচারক হান্না ডুগানের ফেডারেল এজেন্টদের দ্বারা গ্রেফতারের নিন্দা জানাতে একত্রিত হন।

স্টুডেন্ট ভিসা বাতিলের সিদ্ধান্ত থেকে পিছু হটছে ট্রাম্প প্রশাসন

প্রথম পৃষ্ঠার পর ভিসা স্ট্যাটাস সেভিস (এসইভিআইএস) একাউন্ট পুনরুদ্ধার করা হয়েছে।

ইনসাইডার হায়ার এড-এর তথ্যমতে, ট্রাম্প প্রশাসনের নির্বিচার এই সিদ্ধান্তের ফলে প্রায় এক হাজার ৮০০ শিক্ষার্থী ও ২৮০টি বিশ্ববিদ্যালয় আক্রান্ত হয়। যেসব বিদেশী শিক্ষার্থী আগে ফিলিস্তিনপন্থী -গাজায় যুদ্ধবিরোধী বিক্ষোভে অংশ নিয়েছিলেন বা যাদের বিরুদ্ধে ছোটখাটো অপরাধের অভিযোগ ছিল তাদের টার্গেট করা হয়েছিল এবং ওইসব শিক্ষার্থীর ভিসা বাতিল কার্যক্রম শুরু করা হয়। হঠাৎ ভিসা বাতিলের বিরুদ্ধে বিদেশি শিক্ষার্থীরা শতাধিক মামলা করেন।

পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও আগেই জানিয়েছিলেন, যুক্তরাষ্ট্রের স্বার্থের পরিপন্থী মনে হলে শিক্ষার্থীদের স্ট্যাটাস বাতিল করা হবে।

এই সিদ্ধান্তে বিশ্ববিদ্যালয়গুলোতে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

বিচার বিভাগ আদালতকে জানিয়েছে, শিক্ষার্থীদের রেকর্ড পুনরায় স্টুডেন্ট অ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটর ইনফরমেশন সিস্টেমে (এসইভিআইএস) সংরক্ষিত হবে। এই সিস্টেমই বিদেশি শিক্ষার্থীদের ভিসার নিয়ম মানার বিষয়টি পর্যবেক্ষণ করে।

তবে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইসিই) এখনও শিক্ষার্থীর অন্য কোনো অনিয়ম বা অপরাধের ভিত্তিতে এসইভিআইএসের রেকর্ড বাতিলের অধিকার রাখবে।

আইনজীবীরা বলছেন, হঠাৎ ভিসা বাতিল শিক্ষার্থীদের আইনি অধিকার লঙ্ঘন করেছে এবং তাদের পড়াশোনায় বাধা দিয়েছে।

কলাম্বিয়া ল স্কুলের অধ্যাপক ইলোরা মুখার্জি বলেন, 'অনেকের জন্য এটি স্বস্তির খবর, তবে যাদের রেকর্ড এখনো বাতিল, তাদের লড়াই এখনো শেষ হয়নি।'

এ বিষয়ে বিচার বিভাগ ও আইসিই থেকে তাৎক্ষণিকভাবে কোনো মন্তব্য পাওয়া যায়নি।

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে বাংলা নববর্ষ উদ্‌যাপন

শেষ পৃষ্ঠায় পর

আনন্দঘন পরিবেশে উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে গত ২৩ এপ্রিল বাঙালী, চাকমা, মণিপুরী, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর সংস্কৃতি তুলে ধরে মিশনের মিলনায়তনে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমবেত কণ্ঠে পরিবেশিত 'এসো হে বৈশাখ' সঙ্গীতের মধ্য দিয়ে শুরু হওয়া অনুষ্ঠানে শিশু-কিশোরদের পাশাপাশি মণিপুরী, চাকমা ও মারমা শিল্পীরা কবিতা গান ও নৃত্য পরিবেশন করেন। বর্ণিল পোশাক, ঐতিহ্যবাহী বাঙালী খাবার আর শিশুদের কল-কাকলিতে মিশন প্রাঙ্গণ বাংলাদেশের সকল জাতিগোষ্ঠীর এক মিলন মেলায় পরিণত হয়। জাতিসংঘের বৈঠকে অংশগ্রহণের জন্য নিউইয়র্কে সফররত সরকারের পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো: আব্দুল খালেক এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) অনুপ কুমার চাকমাসহ বাংলাদেশ প্রতিনিধিদলের অন্যান্য সদস্যগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষে রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি সালাহউদ্দিন নোমান চৌধুরী তার বক্তব্যে একটি বৈষম্যহীন অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ সরকারের সর্বাত্মক প্রচেষ্টাকে সফল করার আহবান জানান। -প্রেস বিজ্ঞপ্তি।
















PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



COMMITTED HOME CARE



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত **FACILATOR** হিসেবে **CDPAP** সার্ভিস **TRANSFER** এ সহযোগিতা করে থাকি।

আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট **833-247-5346** নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য **COMMITTED HOME CARE** নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

CDPAP সার্ভিস নিয়ে

কোন চিন্তা করবেন না।



Bestcare
Home care, your care.

CDPAP অভিজ্ঞ কিছু লোক নিয়োগ দেওয়া হবে।
যোগাযোগ - (516) 731-7808



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর
অনুমোদিত **FACILATOR** হিসেবে **CDPAP** সার্ভিস
TRANSFER এ সহযোগিতা দিতে পারি।

আমরা বাংলায় কথা বলি

আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।



Syed Alamin
Administrator
Email: cdpap@bestcare.com

Bestcare Corporate
3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 W 36th ST Suit 400, New York, NY 10018	1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210



The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

পথচলায় ২৯ বছর

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ : সংখ্যা ৩০ : সোমবার, বৈশাখ ১৫, ১৪৩২
শাওয়াল ২৯, ১৪৪৬

Vol. 29 : Issue 30 : April 28, 2925 USA
Free in NY, Other State $1

দায়িত্ব গ্রহণ পহেলা জুন থেকে : ২/১ দিনের মধ্যেই পাচ্ছে চিঠি

বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান হচ্ছেন শাহ নেওয়াজ!



বিশেষ প্রতিনিধি : যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের 'আমব্রেলা সংগঠন' হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটির নব মনোনীত ট্রাষ্টি বোর্ড আগামী পহেলা জুন থেকে দায়িত্ব পাচ্ছেন। সোসাইটির পক্ষ থেকে ২/১ দিনের মধ্যেই বোর্ডের সকল সদস্যকে অফিসিয়ালি চিঠি দেয়া হচ্ছে। ইতিমধ্যেই চিঠি চুড়ান্ত হয়েছে। এদিকে নতুন ট্রাষ্টি *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

অবৈধ অভিবাসীদের রেজিস্ট্রেশন বাধ্যতামূলক

জাতিগত বৈষম্যের আশঙ্কা

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে অবস্থানরত অবৈধ অভিবাসীদের এলিয়েন রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করছে ট্রাম্প প্রশাসন।

অ্যাসোসিয়েটেড প্রেস এপি'র শুক্রবারের এক রিপোর্ট অনুযায়ী, ট্রাম্প প্রশাসনের আরেকটি পরিকল্পনা নিয়েছে যা যুক্তরাষ্ট্রে অবৈধভাবে অবস্থানকারী প্রত্যেককে সরকারের কাছে নিবন্ধন ও সকল ডকুমেন্টেশন সাথে রাখা এবং আইনশৃঙ্খলা বাহিনীর চাওয়া মাত্র প্রদর্শন করতে হবে এমন কঠোর নির্দেশ দেবে। এদিকে এমন পরিকল্পনায় জাতিগত বৈষম্যের আশঙ্কা সৃষ্টি হবে দাবি করছে আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়ন।

এই সপ্তাহের শুরুর দিকে, হোমল্যান্ড সিকিউরিটি পরিচালক ক্রিস্টি নোয়েম অবৈধ অভিবাসীদের দ্বারা সংঘটিত অপরাধের বিষয়ে আন্তর্জাতিক ও দেশজুড়ে প্রচারণার ঘোষণা দেন। এই ঘোষণায় বলা হয়, নিবন্ধন না করা অবৈধ অভিবাসীদের প্রতিদিন প্রায় ১,০০০ ডলার জরিমানা, কারাদণ্ড বা বহিষ্কারের মুখোমুখি হতে হবে।

এক ফেডারেল বিচারক গত ১১ এপ্রিল থেকে কার্যকর এই নীতির বিরুদ্ধে অভিবাসী অধিকার গোষ্ঠীদের মামলায় ট্রাম্পের পক্ষে রায় দিয়েছেন।

আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়ন জানিয়েছে , জাতিগত প্রোফাইলিং হলো "আইন প্রয়োগকারী সংস্থার দ্বারা ব্যক্তির জাতিগত পরিচয়, ধর্ম বা জাতীয় উৎসের ভিত্তিতে অপরাধের সন্দেহে টার্গেট করার বৈষম্যমূলক চর্চা। ফেডারেল সরকারের উৎসাহে স্থানীয় আইন প্রয়োগকারী ও ফেডারেল এজেন্সিগুলোর সমন্বয়ে অভিবাসী সম্প্রদায় ও কর্মক্ষেত্রে অভিযানে বিশেষভাবে ল্যাটিনো সম্প্রদায়কে *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

মানুষ মনে করে অন্তর্বর্তী সরকার ভালো সমাধান

আল জাজিরাকে ড. ইউনূস



বাংলাদেশে একটি সুষ্ঠু, নিরপেক্ষ এবং উদাহরণ সৃষ্টিকারী নির্বাচন উপহার দেওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেছেন, নির্বাচনের আগে সংস্কারের তালিকা ছোট হলে ডিসেম্বরের মধ্যে নির্বাচন এবং তালিকা বড় হলে আগামী বছরের জুনের মধ্যে নির্বাচন হবে। অন্তর্বর্তী সরকারের কাছে জনপ্রত্যাশা এখনও তুঙ্গে রয়েছে উল্লেখ করে তিনি বলেন, জনগণ মনে করে অন্তর্বর্তী সরকার এখনও তাদের জন্য ভালো সমাধান।

কাতারভিত্তিক গণমাধ্যম আলজাজিরায় এক সাক্ষাৎকারে তিনি এসব কথা বলেন। 'মুহাম্মদ ইউনূস: *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

সাইদ তারেকের কলাম

বিদায় কবি–



দাউদ হায়দারের সাথে আমার ভাল জানাশোনা ছিল। বন্ধুত্বই বলা যায়। গত শতকের ষাটের দশকের শেষ দিকে আইউববিরোধী গনঅভ্যুত্থানের প্রেক্ষাপটে সাহিত্য সংস্কৃতির অঙ্গনে একঝাঁক নবীন *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

নর্থ আমেরিকান মুসলিম এলায়েন্স'র কনভেশন আলবেনীতে

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রবাসী প্রজন্মকে ধর্মীয় আবহে উজ্জীবিত রাখার লক্ষ্যে 'নর্থ আমেরিকান মুসলিম এলায়েন্স' উদ্যেগে নিউইয়র্ক স্টেটের আলবেনীতে আগামী ২৮ ও ২৯ জুন দুদিনব্যাপী ইসলামিক কনভেনশন অনুষ্ঠিত হবে।

'নর্থ আমেরিকান মুসলিম এলায়েন্স' (NAMA) আয়োজিত এ কনভেনশনে যুক্তরাষ্ট্র ও কানাডা থেকে আড়াই হাজারের বেশি মুসলিমের অংশগ্রহণের কথা রয়েছে।

শনিবার (২৬ *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

ট্রাম্পের কঠোর অভিবাসন নীতির মধ্যেও

আসছেন নতুন অভিবাসী, পাচ্ছেন নাগরিকত্ব

বিশেষ প্রতিনিধি: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় মেয়াদে ক্ষমতা গ্রহণের পর তার পূর্ব ঘোষিত সিদ্ধান্ত মোতাবেক ট্রাম্প প্রশাসনের কঠোর অভিভাসন নীতির মধ্যেও 'ইমিগ্র্যান্ট ভিসায়' আসছেন নতুন নতুন অভিবাসী। পাশাপাশি গ্রীনার্ডধারীরা পাচ্ছেন আমেরিকান হিসেবে নাগরিকত্ব। তবে এই হার যেকোন সময়ের তুলনায় অনেক কম বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে।

সংশ্লিস্ট সূত্রে জানা যায়, যুক্তরাষ্ট্রে চলমান অভিবাসন নীতি ছাড়াও অন্যান্য নীতি আগের মতোই চলমান রয়েছে। আগে এসব নীতি *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে বাংলা নববর্ষ উদ্‌যাপন

নিউইয়র্ক: নিউইয়র্কস্থ জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে বাংলা নববর্ষ ১৪৩২ এক উৎসবমুখর ও *২৯-এর পৃষ্ঠায় দেখুন*

ভবন চারতলা করার উদ্যোগ

জেএমসি'র মেগা প্রকল্পের উদ্বোধন

বাংলা পত্রিকা রিপোর্ট: নামাজের জায়গা স্বল্পতা, স্কুলের শিক্ষার্থীদের ক্লাস বৃদ্ধিকরণ সহ নানাবিধ অসুবিধার *৫-এর পৃষ্ঠায় দেখুন*

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৬

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ:

২০২৪ সালের জুলাই-আগষ্টের ছাত্র-জনতার গণ অভ্যুত্থানে শেখ হাসিনা নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতনের পর নোবেল পুরষ্কার বিজীয় একমাত্র বাংলাদেশী প্রফেসর ড. মুহাম্মদ ইনউসের নেতৃত্বে নতুন অন্তর্বর্তী সরকার দায়িত্ব নিয়েছে। এই সরকার ৮ মাস হতে চললো। আওয়ামী লীগ সরকারের পতন আর ইউনূস সরকারের ক্ষমতা গ্রহণের পর থেকেই দেশে বিদেশে নানা জল্পনা-কল্পনা চলছে। নিউইয়র্কেও প্রবাসী বাংলাদেশীদের *৮-এর পৃষ্ঠায় দেখুন*

'বাংলাদেশ সোসাইটি'র ট্রাস্টি বোর্ড গঠন

বাংলা পত্রিকা রিপোর্ট: 'বাংলাদেশ সোসাইটি'র কার্যকরী পরিষদের সভায় নতুন ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছে। রোববার (২০ এপ্রিল) সন্ধ্যায় সোসাইটি *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

ওজোন পার্কে নিউইয়র্ক সিনিয়র অ্যাডাল্ট ডে-কেয়ার উদ্বোধন

নিউইয়র্ক: বাংলাদেশি অধ্যুষিত ওজোন পার্ক এলাকায় দ্বিতীয় শাখা চালু করেছে নিউইয়র্কের সুপরিচিত বয়স্ক সেবা দানকারী প্রতিষ্ঠান *১৫-এর পৃষ্ঠায় দেখুন*

সিলেট ওসমানী বিমানবন্দরে সকল আন্তর্জাতিক ফ্লাইট চালুর দাবি

নিউইয়র্ক: সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দরে সকল আন্তর্জাতিক ফ্লাইট চালুসহ অবিলম্বে *২৬-এর পৃষ্ঠায় দেখুন*









Editor: Abu Taher Published by Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169, Fax: 718 482 9935, Email: banglapatrikausa@gmail.com